
www.abswer.com

অধ্যায় ০৩

বীজগাণিতিক রাশি
Algebraic Expressions

এ অধ্যায়ে অনন্য সংযোজন





অধ্যায়ের সিলেবাস

• বীজগাণিতিক রাশি • ধ্রুবক ও চলক • বর্গ সংবলিত সূত্রাবলি ও তার প্রয়োগ • বর্গ রাশির সম্প্রসারণ • ঘন সংবলিত সূত্রাবলি ও প্রয়োগ • ঘন রাশির সম্প্রসারণ • উৎপাদকে বিশ্লেষণ • সাধারণ উৎপাদকে বিশ্লেষণ • পূর্ণবর্গ আকারে বিশ্লেষণ • দুইটি বর্গের অন্তররূপে বিশ্লেষণ • ভাগশেষ উপপাদ্য ব্যাখ্যা • বাস্তব সমস্যা সমাধানের বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ।

প্রাথমিক আলোচনা — Primary Discussion

প্রক্রিয়া চিহ্ন ও সংখ্যা নির্দেশক অক্ষর প্রতীকের অর্থবোধক বিন্যাসকে বীজগাণিতিক রাশি বলা হয়। যেমন $3a + 4b - 5c$ একটি বীজগাণিতিক রাশি। বীজগাণিতিক রাশিতে ব্যবহৃত সংখ্যাগুলো ধ্রুবক। এদের মান নির্দিষ্ট বীজগাণিতিক রাশিগুলো এক বা একাধিক সংখ্যাবিশিষ্ট হতে পারে। সেজন্য উক্ত রাশির উৎপাদকগুলোও এক বা একাধিক পদবিশিষ্ট হতে পারে। বহুপদীর সকল সহগ পূর্ণসংখ্যা বলে ধরা হবে। যদি বহুপদীটিতে অনির্দেশকের সর্বোচ্চ ঘাতের সহগ 1 হয়, তবে এর যেকোনো সরল উৎপাদক $x - a$ আকারের হবে, যেখানে a পূর্ণসংখ্যা এবং বহুপদীটির ধ্রুব পদের উৎপাদক। যদি সর্বোচ্চ ঘাতের সহগ 1 না হয়, তবে যেকোনো সরল উৎপাদক $ax + b$ আকারের হবে যেখানে a ও b পূর্ণসংখ্যা, a সর্বোচ্চ ঘাতের সহগের উৎপাদক এবং b ধ্রুবপদের উৎপাদক।

ওয়েব লিংকড তথ্য সংযোগ

শিখনফলের ধারাবাহিকতায় প্রশ্ন তৈরিতে এবং উত্তরকে তথ্যবহুল ও নির্ভুলতা নিশ্চিতকরণে বোর্ড বইয়ের পাশাপাশি নিম্নোক্ত ওয়েব লিংকের সহায়তা নেওয়া হয়েছে–

www.webmath.com/anything.html
en.wikipedia.org/wiki/Algebraic_expression
en.wikipedia.org/wiki/Factor_analysis
www.purplemath.com/modules/remaindr.htm
en.wikipedia.org/wiki/Factor_theorem
www.webmath.com/anything.html
www.purplemath.com/modules/systlin4.htm



নিলস হেনরিক আবেল (Niels Henrik Abel)

নিলস হেনরিক আবেল (1802–1829) নরওয়েতে জন্মগ্রহণ করেন। তিনি তার জীবনের অনেকটা সময় বীজগণিতীয় সমীকরণ সমাধানে নিয়োগ করেন। তিনি প্রমাণ করেন যে, পঞ্চম ঘাতের বীজগণিতীয় সমীকরণ শুধু সাধারণ বীজগণিতীয় পদ্ধতিতে সমাধান করা যাবে না। তিনি দলগত ধারণা ব্যবহার করেন এবং তার নামানুসারে আবেলিয়ান দল রয়েছে। তার ছবি সম্বলিত নরওয়ের নোট রয়েছে। তাছাড়া 2002 সাল থেকে তার নামে প্রায় এক মিলিন ডলারের আবেল পুরস্কার দেয়া হচ্ছে।



আল খোয়ারিজমি (Al-Khwarizmi)

আল খোয়ারিজমি একাধারে গণিতবিদ, ভূগোলবিদ ও জ্যোতির্বিজ্ঞানী হিসেবে পরিচিত ছিলেন। তাঁর রচিত 'কিতাব আল জাবর ওয়াল মুকাবিলা' গ্রন্থে তিনি রৈখিক ও দ্বিঘাত সমীকরণের প্রথম পদ্ধতিগত উপস্থাপন করেন। বীজগণিতে তার প্রধান সাফল্য ছিল বর্গের সাহায্যে দ্বিঘাত সমীকরণের সমাধান। সর্বপ্রথম তিনিই বীজগণিতকে স্বাধীন শাখা হিসেবে তুলে ধরেন। তাই আল খোয়ারিজমিকে বীজগণিতের জনক বলা হয়। তাঁর রচিত কিতাব আল-জাবর ওয়াল মুকাবিলা' গ্রন্থের শিরোনাম থেকে আলজেবরা বা বীজগণিত শব্দের উৎপত্তি ঘটে।

www.abswer.com

www.abswer.com

PART 02

অনুশীলন Practice

স্কুল ও এসএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির জন্য
১০০% সঠিক ফরম্যাট অনুসরণে শিখনফল
এবং অনুচ্ছেদের ধারায় প্রশ্ন ও সমাধান

শিখন অর্জন যাচাই

- বর্গ ও ঘন নির্ণয় করার সূত্রাবলি শিখতে পারব।
- উৎপাদক নির্ণয়ের কতিপয় কৌশল জানতে পারব।
- বাস্তব সংখ্যা সমাধানে বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ করতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- বীজগাণিতিক রাশি সংবলিত পোস্টার।
- বর্গ ও ঘন নির্ণয়ের সূত্রাবলি।
- পাঠ্যবইয়ের সমস্যা ও কার্যাবলি।

ক্যালকুলেটরের সাহায্যে তাৎক্ষণিক সমাধানের কৌশল

☐ **এক চলকবিশিষ্ট ত্রিঘাত রাশির উৎপাদক নির্ণয় :**

প্রথমে EQN MODE select করে নির্ণেয় আকারের ($aX^3 + bX^2 + cX + d = 0$) সমীকরণ select করতে হবে। পর্যায়ক্রমে প্রত্যেক পদের সহগ এবং [=] বাটন চাপতে হবে। এরপর প্রয়োজনমতো [=] বাটন চেপে মূল নির্ণয় করে উৎপাদক নির্ণয় করতে হয়।

যেমন : উৎপাদকে বিশ্লেষণ কর : $x^3 + 2x^2 - 5x - 6$. [অনুশীলনী- ৩.৪ এর ৩ নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

EQN MODE এবং $aX^3 + bX^2 + cX + d = 0$ আকারের সমীকরণ select : [MODE SETUP] [5] [4]

এরপর : [1] [=] [2] [=] [−] [6] [=] [−] [6] [=]

[=] → 2

[=] → −1

[=] → −3

∴ $(x - 2)$, $(x + 1)$ এবং $(x + 3)$ রাশিটির উৎপাদক।

☐ **এক চলকবিশিষ্ট ফাংশনের চলকের বিভিন্ন মানের জন্য ফাংশনটির সংখ্যিক মান নির্ণয় :**

প্রথমে ফাংশনটির ডানপক্ষের রাশিটি ইনপুট করতে হবে। এরপর [CALC] বাটন চেপে চলকের মান ইনপুট করে [=] বাটন চাপতে হবে।

যেমন : $f(x) = x^2 - 4x + 4$ হলে, $f(2)$ এর মান কত? [অনুশীলনী-৩.৫ এর বহুনির্বাচনি ১নং]

ক্যালকুলেটরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা যাক :

ফাংশনটির ডানপক্ষের রাশি ইনপুট : [ALPHA] [)] [x^2] [−] [4] [ALPHA] [)] [+] [4]

এরপর : [CALC] [2] [=] ⟶ 0; যা $f(2)$ এর মান।

অনুশীলনী ৩.১
বর্গ সংবলিত সূত্রাবলি ও প্রয়োগ

সাধারণ গাণিতিক অংশ

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ১ ▸ সূত্রের সাহায্যে বর্গ নির্ণয় কর :

(ক) $2a + 3b$

সমাধান : $2a + 3b$ এর বর্গ

$= (2a + 3b)^2$

$= (2a)^2 + 2.2a.3b + (3b)^2$

$= 4a^2 + 12ab + 9b^2$.

(খ) $x^2 + \frac{2}{y^2}$

সমাধান : $x^2 + \frac{2}{y^2}$ এর বর্গ $= \left(x^2 + \frac{2}{y^2}\right)^2$

$= (x^2)^2 + 2.x^2.\frac{2}{y^2} + \left(\frac{2}{y^2}\right)^2$

$= x^4 + \frac{4x^2}{y^2} + \frac{4}{y^4}$.

www.abswer.com

www.abswer.com

(গ) $4y - 5x$

সমাধান : $4y - 5x$ এর বর্গ $= (4y - 5x)^2$
$= (4y)^2 - 2.4y.5x + (5x)^2$
$= 16y^2 - 40xy + 25x^2.$

(ঘ) $5x^2 - y$

সমাধান : $5x^2 - y$ এর বর্গ $= (5x^2 - y)^2$
$= (5x^2)^2 - 2.5x^2.y + y^2$
$= 25x^4 - 10x^2y + y^2.$

(ঙ) $3b - 5c - 2a$

সমাধান : $3b - 5c - 2a$ এর বর্গ $= (3b - 5c - 2a)^2$
$= \{3b + (-5c) + (-2a)\}^2$
$= (3b)^2 + (-5c)^2 + (-2a)^2 + 2.3b(-5c) + 2.(-5c).(-2a) + 2.(-2a).3b$
$= 9b^2 + 25c^2 + 4a^2 - 30bc + 20ac - 12ab.$

(চ) $ax - by - cz$

সমাধান : $ax - by - cz$ এর বর্গ
$= (ax - by - cz)^2$
$= \{ax + (-by) + (-cz)\}^2$
$= (ax)^2 + (-by)^2 + (-cz)^2 + 2.ax(-by) + 2.(-by).(-cz) + 2.(-cz).ax$
$= a^2x^2 + b^2y^2 + c^2z^2 - 2abxy + 2bcyz - 2aczx.$

(ছ) $2a + 3x - 2y - 5z$

সমাধান : $2a + 3x - 2y - 5z$ এর বর্গ
$= (2a + 3x - 2y - 5z)^2$
$= \{(2a + 3x) - (2y + 5z)\}^2$
$= (2a + 3x)^2 - 2(2a + 3x)(2y + 5z) + (2y + 5z)^2$
$= (2a)^2 + 2.2a.3x + (3x)^2 - 2(4ay + 10az + 6xy + 15xz) + (2y)^2 + 2.2y.5z + (5z)^2$
$= 4a^2 + 12ax + 9x^2 - 8ay - 20az - 12xy - 30xz + 4y^2 + 20yz + 25z^2$
$= 4a^2 + 9x^2 + 4y^2 + 25z^2 + 12ax - 8ay - 20az - 12xy - 30xz + 20yz.$

(জ) 1007

সমাধান : 1007 এর বর্গ $= (1007)^2$
$= (1000 + 7)^2 = (1000)^2 + 2.1000.7 + (7)^2$
$= 1000000 + 14000 + 49 = 1014049$

প্রশ্ন ২ ▶ সরল কর :

(ক) $(7p + 3q - 5r)^2 - 2(7p + 3q - 5r)(8p - 4q - 5r) + (8p - 4q - 5r)^2$

সমাধান : ধরি, $7p + 3q - 5r = a$ এবং $8p - 4q - 5r = b$
∴ প্রদত্ত রাশি $= a^2 - 2ab + b^2$
$= (a - b)^2$
$= \{(7p + 3q - 5r) - (8p - 4q - 5r)\}^2$ [a ও b এর মান বসিয়ে]
$= (7p + 3q - 5r - 8p + 4q + 5r)^2$
$= (-p + 7q)^2 = (7q - p)^2 = (7q)^2 - 2.7q.p + p^2$
$= 49q^2 - 14qp + p^2 = p^2 - 14qp + 49q^2$
নির্ণেয় সরলফল $p^2 - 14qp + 49q^2$.

(খ) $(2m + 3n - p)^2 + (2m - 3n + p)^2 - 2(2m + 3n - p)(2m - 3n + p).$

সমাধান : ধরি, $2m + 3n - p = a$ এবং $2m - 3n + p = b$
∴ প্রদত্ত রাশি $= a^2 + b^2 - 2ab$
$= (a - b)^2$
$= \{(2m + 3n - p) - (2m - 3n + p)\}^2$ [a ও b এর মান বসিয়ে]
$= (2m + 3n - p - 2m + 3n - p)^2 = (6n - 2p)^2$
$= (6n)^2 - 2.6n.2p + (2p)^2 = 36n^2 - 24np + 4p^2$
নির্ণেয় সরলফল $36n^2 - 24np + 4p^2$.

(গ) $6.35 \times 6.35 + 2 \times 6.35 \times 3.65 + 3.65 \times 3.65$

সমাধান : ধরি, $6.35 = a$ এবং $3.65 = b$
∴ প্রদত্ত রাশি $= a \times a + 2 \times a \times b + b \times b$
$= a^2 + 2ab + b^2 = (a + b)^2$
$= (6.35 + 3.65)^2$ [a ও b এর মান বসিয়ে]
$= (10)^2 = 100$
নির্ণেয় সরলফল 100.

(ঘ) $\dfrac{2345 \times 2345 - 759 \times 759}{2345 - 759}$

সমাধান : ধরি, $2345 = a$ এবং $759 = b$
∴ প্রদত্ত রাশি $= \dfrac{a \times a - b \times b}{a - b}$
$= \dfrac{a^2 - b^2}{a - b} = \dfrac{(a - b)(a + b)}{(a - b)}$
$= a + b = 2345 + 759$ [a ও b এর মান বসিয়ে]
$= 3104$
নির্ণেয় সরলফল 3104.

প্রশ্ন ৩ ▶ $a - b = 4$ এবং $ab = 60$ হলে, $a + b$ এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $a - b = 4$ এবং $ab = 60$
আমরা জানি, $(a + b)^2 = (a - b)^2 + 4ab$
বা, $(a + b)^2 = (4)^2 + 4.60$ [মান বসিয়ে]
বা, $(a + b)^2 = 16 + 240$
বা, $(a + b)^2 = 256$
বা, $a + b = \pm\sqrt{256}$ [উভয়পক্ষকে বর্গমূল করে]
∴ $a + b = \pm 16$
নির্ণেয় মান ± 16.

প্রশ্ন ৪ ▶ $a + b = 9m$ এবং $ab = 18m^2$ হলে, $a - b$ এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $a + b = 9m$ এবং $ab = 18m^2$
আমরা জানি, $(a - b)^2 = (a + b)^2 - 4ab$
বা, $(a - b)^2 = (9m)^2 - 4.18m^2$ [মান বসিয়ে]
বা, $(a - b)^2 = 81m^2 - 72m^2$
বা, $(a - b)^2 = 9m^2$
বা, $a - b = \pm\sqrt{9m^2}$ [উভয়পক্ষকে বর্গমূল করে]
∴ $a - b = \pm 3m$
নির্ণেয় মান $\pm 3m$.

প্রশ্ন ৫ ▶ $x - \dfrac{1}{x} = 4$ হলে, প্রমাণ কর যে, $x^4 + \dfrac{1}{x^4} = 322.$

সমাধান : দেওয়া আছে, $x - \dfrac{1}{x} = 4$

বামপক্ষ $= x^4 + \dfrac{1}{x^4}$
$= (x^2)^2 + \left(\dfrac{1}{x^2}\right)^2 = \left(x^2 + \dfrac{1}{x^2}\right)^2 - 2.x^2.\dfrac{1}{x^2}$
$= \left\{\left(x - \dfrac{1}{x}\right)^2 + 2.x.\dfrac{1}{x}\right\}^2 - 2$
$= \{(4)^2 + 2\}^2 - 2$ [মান বসিয়ে]
$= (16 + 2)^2 - 2 = (18)^2 - 2 = 324 - 2 = 322 =$ ডানপক্ষ
∴ $x^4 + \dfrac{1}{x^4} = 322.$ (প্রমাণিত)

প্রশ্ন ৬ ▶ $2x + \dfrac{2}{x} = 3$ হলে, $x^2 + \dfrac{1}{x^2}$ এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $2x + \dfrac{2}{x} = 3$
বা, $2\left(x + \dfrac{1}{x}\right) = 3$
বা, $x + \dfrac{1}{x} = \dfrac{3}{2}$
প্রদত্ত রাশি $= x^2 + \dfrac{1}{x^2}$
$= \left(x + \dfrac{1}{x}\right)^2 - 2.x.\dfrac{1}{x} = \left(\dfrac{3}{2}\right)^2 - 2 = \dfrac{9}{4} - 2 = \dfrac{9 - 8}{4} = \dfrac{1}{4}$
নির্ণেয় মান $\dfrac{1}{4}$.

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৭ ▸ $a+\frac{1}{a}=2$ হলে, দেখাও যে, $a^2+\frac{1}{a^2}=a^4+\frac{1}{a^4}$.

সমাধান : দেওয়া আছে, $a+\frac{1}{a}=2$

বামপক্ষ $=a^2+\frac{1}{a^2}$

$=\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}=(2)^2-2=4-2=2$

ডানপক্ষ $=a^4+\frac{1}{a^4}$

$=(a^2)^2+\left(\frac{1}{a^2}\right)^2$

$=\left(a^2+\frac{1}{a^2}\right)^2-2.a^2.\frac{1}{a^2}$

$=\left\{\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}\right\}^2-2$

$=\{(2)^2-2\}^2-2=(4-2)^2-2=(2)^2-2=4-2=2$

$\therefore\ a^2+\frac{1}{a^2}=a^4+\frac{1}{a^4}$. (দেখানো হলো)

প্রশ্ন ৮ ▸ $a+b=\sqrt{7}$ এবং $a-b=\sqrt{5}$ হলে, প্রমাণ কর যে, $8ab(a^2+b^2)=24$.

সমাধান : দেওয়া আছে, $a+b=\sqrt{7}$ এবং $a-b=\sqrt{5}$

বামপক্ষ $=8ab(a^2+b^2)$

$=4ab.2(a^2+b^2)$

$=\{(a+b)^2-(a-b)^2\}\ \{(a+b)^2+(a-b)^2\}$

$=\{(\sqrt{7})^2-(\sqrt{5})^2\}\ \{(\sqrt{7})^2+(\sqrt{5})^2\}$ [মান বসিয়ে]

$=(7-5)(7+5)=2\times12=24=$ ডানপক্ষ

$\therefore\ 8ab(a^2+b^2)=24$. (প্রমাণিত)

প্রশ্ন ৯ ▸ $a+b+c=9$ এবং $ab+bc+ca=31$ হলে, $a^2+b^2+c^2$ এর মান নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, $a+b+c=9$ এবং $ab+bc+ca=31$

প্রদত্ত রাশি $=a^2+b^2+c^2$

$=(a+b+c)^2-2(ab+bc+ca)$

$=(9)^2-2.31=81-62=19$

নির্ণেয় মান 19.

প্রশ্ন ১০ ▸ $a^2+b^2+c^2=9$ এবং $ab+bc+ca=8$ হলে, $(a+b+c)^2$ এর মান কত?

সমাধান : দেওয়া আছে, $a^2+b^2+c^2=9$ এবং $ab+bc+ca=8$

প্রদত্ত রাশি $=(a+b+c)^2$

$=(a^2+b^2+c^2)+2(ab+bc+ca)$

$=9+2.8=9+16=25$

নির্ণেয় মান 25.

প্রশ্ন ১১ ▸ $a+b+c=6$ এবং $a^2+b^2+c^2=14$ হলে, $(a-b)^2+(b-c)^2+(c-a)^2=$ কত?

সমাধান : দেওয়া আছে, $a+b+c=6$ এবং $a^2+b^2+c^2=14$

আমরা জানি, $a^2+b^2+c^2=(a+b+c)^2-2(ab+bc+ca)$

বা, $14=(6)^2-2(ab+bc+ca)$ [মান বসিয়ে]

বা, $14=36-2(ab+bc+ca)$

বা, $2(ab+bc+ca)=36-14$

বা, $ab+bc+ca=\frac{22}{2}$

$\therefore\ ab+bc+ca=11$

প্রদত্ত রাশি $=(a-b)^2+(b-c)^2+(c-a)^2$

$=a^2-2ab+b^2+b^2-2bc+c^2+c^2-2ac+a^2$

$=2a^2+2b^2+2c^2-2ab-2bc-2ca$

$=2(a^2+b^2+c^2)-2(ab+bc+ca)$

$=2.14-2.11=28-22=6$

নির্ণেয় মান 6.

প্রশ্ন ১২ ▸ $x=3, y=4$ এবং $z=5$ হলে, $9x^2+16y^2+4z^2-24xy-16yz+12zx=$ কত?

সমাধান : দেওয়া আছে, $x=3, y=4$ এবং $z=5$

প্রদত্ত রাশি $=9x^2+16y^2+4z^2-24xy-16yz+12zx$

$=(3x)^2+(-4y)^2+(2z)^2+2.3x.(-4y)+2.(-4y)2z+2.2z.3x$

$=(3x-4y+2z)^2$

$=(3x+(-4y)+2z)^2$

$=(3\times3-4\times4+2\times5)^2$ [x, y এবং z এর মান বসিয়ে]

$=(9-16+10)^2$

$=(19-16)^2=3^2=9$

নির্ণেয় মান 9.

প্রশ্ন ১৩ ▸ $(a+2b)(3a+2c)$ কে দুইটি বর্গের বিয়োগফলরূপে প্রকাশ কর।

সমাধান : ধরি, $a+2b=x$ এবং $3a+2c=y$

$\therefore$ প্রদত্ত রাশি $=xy$

$=\left(\frac{x+y}{2}\right)^2-\left(\frac{x-y}{2}\right)^2$

$=\left(\frac{a+2b+3a+2c}{2}\right)^2-\left(\frac{a+2b-3a-2c}{2}\right)^2$

[x ও y এর মান বসিয়ে]

$=\left(\frac{4a+2b+2c}{2}\right)^2-\left(\frac{2b-2a-2c}{2}\right)^2$

$=\left\{\frac{2(2a+b+c)}{2}\right\}^2-\left\{\frac{2(b-a-c)}{2}\right\}^2$

$=(2a+b+c)^2-(b-a-c)^2$.

প্রশ্ন ১৪ ▸ $x^2+10x+24$ কে দুইটি বর্গের বিয়োগফলরূপে প্রকাশ কর।

সমাধান : $x^2+10x+24$

$=x^2+2.x.5+5^2-1$

$=(x+5)^2-1^2$.

প্রশ্ন ১৫ ▸ $a^4+a^2b^2+b^4=8$ এবং $a^2+ab+b^2=4$ হলে, (ক) a^2+b^2 ; (খ) ab-এর মান কত?

সমাধান :

(ক) এখানে, $a^4+a^2b^2+b^4=8$

বা, $(a^2)^2+2a^2b^2+(b^2)^2-a^2b^2=8$

বা, $(a^2+b^2)^2-(ab)^2=8$

বা, $(a^2+ab+b^2)(a^2-ab+b^2)=8$

বা, $4(a^2-ab+b^2)=8$ [মান বসিয়ে]

বা, $a^2-ab+b^2=\frac{8}{4}$

বা, $a^2-ab+b^2=2$

এখন, $a^2+ab+b^2=4$

এবং $a^2-ab+b^2=2$ যোগ করে পাই,

$2(a^2+b^2)=6$

বা, $a^2+b^2=\frac{6}{2}$

$\therefore\ a^2+b^2=3$

নির্ণেয় মান 3.

(খ) (ক) হতে প্রাপ্ত, $a^2+b^2=3$

এবং $a^2-ab+b^2=2$

বা, $a^2+b^2-ab=2$

বা, $3-ab=2$

বা, $-ab=2-3$

বা, $-ab=-1$

$\therefore\ ab=1$

নির্ণেয় মান 1.

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. $x+y=2, xy=1$ হলে, $(x-y)^2$ এর মান কত? [রা. বো. '২০]

ক 0 খ 2
গ 6 ঘ 8

▸▸ তথ্য/ব্যাখ্যা : $(x-y)^2=(x+y)^2-4xy$
$=(2)^2-4\times1$ [মান বসিয়ে]
$=4-4=0.$

২. $x^2-8=2\sqrt{15}$ হলে $x=$ কত? [কু. বো. '২০]

ক $\sqrt{3}+5$ খ $3+\sqrt{5}$
গ $\sqrt{5}+\sqrt{3}$ ঘ $\sqrt{5}-\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2-8=2\sqrt{15}$
বা, $x^2=8+2\sqrt{15}$
বা, $x^2=(\sqrt{5})^2+2.\sqrt{5}.\sqrt{3}+(\sqrt{3})^2=(\sqrt{5}+\sqrt{3})^2$
$\therefore x=\sqrt{5}+\sqrt{3}.$

৩. $a+b=\sqrt{3}$ এবং $a-b=\sqrt{2}$ হলে, ab এর মান কোনটি? [চ. বো. '২০]

ক $\frac{1}{4}$ খ $\frac{1}{2}$
গ 1 ঘ $\frac{5}{4}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $ab=\left(\frac{a+b}{2}\right)^2-\left(\frac{a-b}{2}\right)^2$
$=\left(\frac{\sqrt{3}}{2}\right)^2-\left(\frac{\sqrt{2}}{2}\right)^2=\frac{3}{4}-\frac{2}{4}=\frac{3-2}{4}=\frac{1}{4}.$

৪. যদি $\frac{x}{y}=\frac{2}{3}$ হয়, তবে $\frac{6x+y}{3x+2y}$ এর মান কত? [দি. বো. '২০]

ক $\frac{4}{5}$ খ $\frac{14}{15}$
গ $\frac{5}{4}$ ঘ $\frac{20}{13}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $\frac{x}{y}=\frac{2}{3}$
অর্থাৎ $x=2, y=3$
$\therefore \frac{6x+y}{3x+2y}=\frac{6\times2+3}{3\times2+2\times3}=\frac{15}{12}=\frac{5}{4}.$

৫. $a=\sqrt{5}, b=\sqrt{3}$ হলে $(a+b)^2-2ab$ এর মান কত? [ঢা. বো. '১৯]

ক 2 খ $\sqrt{15}$
গ $2\sqrt{15}$ ঘ 8

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a=\sqrt{5}, b=\sqrt{3}$
প্রদত্ত রাশি $=(a+b)^2-2ab=a^2+2ab+b^2-2ab$
$=a^2+b^2=(\sqrt{5})^2+(\sqrt{3})^2=5+3=8.$

৬. যদি $a+b=\sqrt{5}$ এবং $a-b=\sqrt{3}$ হয়, তবে $a^2+b^2=$ কত? [রা. বো. '১৯]

ক 2 খ 4
গ 8 ঘ 64

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a^2+b^2=\frac{(a+b)^2+(a-b)^2}{2}$
$=\frac{(\sqrt{5})^2+(\sqrt{3})^2}{2}=\frac{5+3}{2}=\frac{8}{2}=4.$

৭. $a+b=\sqrt{16}$ এবং $ab=1$ হলে, $(a-b)^2=$ কত? [রা. বো. '১৯]

ক 12 খ 14
গ 18 ঘ 20

▸▸ তথ্য/ব্যাখ্যা : $(a-b)^2=(a+b)^2-4ab$
$=(\sqrt{16})^2-4\times1=16-4=12.$

৮. যদি $x=3-\sqrt{8}$ হয় তবে $\frac{1}{x}$ এর মান কত? [দি. বো. '১৯]

ক $9-\sqrt{8}$ খ $3+\sqrt{8}$
গ $\frac{1}{3+\sqrt{8}}$ ঘ $\frac{1}{9-\sqrt{8}}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $x=3-\sqrt{8}$
$\therefore \frac{1}{x}=\frac{1}{3-\sqrt{8}}=\frac{(3+\sqrt{8})}{(3+\sqrt{8})(3-\sqrt{8})}=\frac{3+\sqrt{8}}{9-8}=3+\sqrt{8}.$

৯. $2x-\frac{1}{3x}=2$ হলে, $3x-\frac{1}{2x}$ এর মান কত? [ব. বো. '১৯]

ক $\frac{2}{3}$ খ 1
গ $\frac{3}{2}$ ঘ 3

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $2x-\frac{1}{3x}=2$
বা, $\frac{6x^2-1}{3x}=2$
বা, $6x^2-1=6x$
বা, $2x\left(3x-\frac{1}{2x}\right)=6x$
$\therefore 3x-\frac{1}{2x}=3.$

১০. $x+\frac{1}{x}=3$ হলে $x^2+\frac{1}{x^2}$ এর মান কত? [ঢা. বো. '১৫]

ক 11 খ 8
গ 7 ঘ 4

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=3^2-2=9-2=7.$

১১. $y^2+\frac{1}{y^2}=6$ হলে, $\left(y+\frac{1}{y}\right)$ এর মান কত? [ঢা. বো. '১৫]

ক $\pm2\sqrt{2}$ খ $2\sqrt{2}$
গ ±2 ঘ $\pm\sqrt{2}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $y^2+\frac{1}{y^2}=6$
বা, $\left(y+\frac{1}{y}\right)^2-2.y.\frac{1}{y}=6$
বা, $\left(y+\frac{1}{y}\right)^2-2=6.$
বা, $\left(y+\frac{1}{y}\right)^2=6+2=8$
বা, $y+\frac{1}{y}=\pm\sqrt{8}=\pm\sqrt{4\times2}=\pm2\sqrt{2}.$

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১	ক	২	গ	৩	ক	৪	গ	৫	ঘ	৬	খ	৭	ক	৮	খ	৯	ঘ	১০	গ	১১	ক

www.abswer.com

www.abswer.com

১২. $x-y=2$ এবং $xy=24$ হলে, $(x+y)$ এর মান কত? [রা. বো. '১৬]
ক 10 খ 52
গ 100 ঘ -92
▶▶ তথ্য/ব্যাখ্যা : $x-y=2, xy=24$
$\therefore x+y=\sqrt{(x+y)^2}=\sqrt{(x-y)^2+4xy}=\sqrt{2^2+4\times24}=\sqrt{100}=10.$

১৩. $m+n=8$ এবং $mn=15$ হলে, $(m-n)^2$ এর মান কত? [রা. বো. '১৫]
ক 2 খ 4
গ 34 ঘ 94
▶▶ তথ্য/ব্যাখ্যা : $(m-n)^2=(m+n)^2-4mn$
$=(8)^2-4\times15=64-60=4.$

১৪. $a^2+\frac{1}{a^2}=2$ হলে, $a+\frac{1}{a}=$ কত? [য. বো. '১৫]
ক 0 খ 1
গ 2 ঘ 4
▶▶ তথ্য/ব্যাখ্যা : $a^2+\frac{1}{a^2}=2$
বা, $\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}=2$
বা, $\left(a+\frac{1}{a}\right)^2=4$
বা, $a+\frac{1}{a}=2.$

১৫. $p-\frac{1}{p}=3$ হলে, $p^2+\frac{1}{p^2}$ এর মান কত? [য. বো. '১৫]
ক 5 খ 7
গ 11 ঘ 13
▶▶ তথ্য/ব্যাখ্যা : $p^2+\frac{1}{p^2}=\left(p-\frac{1}{p}\right)^2+2.p.\frac{1}{p}$
$=(3)^2+2=9+2=11.$

১৬. $a+b=1, ab=4$ হলে $(a-b)^2$ এর মান কত? [য. বো. '১৫]
ক -15 খ -7
গ 9 ঘ 17
▶▶ তথ্য/ব্যাখ্যা : $(a-b)^2=(a+b)^2-4ab$
$=1^2-4\times4=1-16=-15.$

১৭. $(x^2+1)^2=5x^2$ হলে, $x+\frac{1}{x}$ এর মান কত? [কু. বো. '১৭]
ক $\sqrt{5}$ খ $2\sqrt{5}$
গ 5 ঘ $5\sqrt{5}$
▶▶ তথ্য/ব্যাখ্যা : $(x^2+1)^2=5x^2$
বা, $x^2+1=\sqrt{5x^2}$
বা, $x^2+1=\sqrt{5}x$ বা, $\frac{x^2}{x}+\frac{1}{x}=\frac{\sqrt{5}x}{x}$ বা, $x+\frac{1}{x}=\sqrt{5}.$

১৮. $(a+b-c)^2=$ কত? [কু. বো. '১৫]
ক $a^2+b^2+c^2-2ab-2bc-2ca$
খ $a^2+b^2+c^2+2ab-2bc-2ca$
গ $a^2+b^2-c^2+2ab-2bc+2ca$
ঘ $a^2+b^2-c^2+2ab-2bc-2ca$
▶▶ তথ্য/ব্যাখ্যা : $(a+b+c)^2=\{a+b+(-c)\}^2$
$=a^2+b^2+(-c)^2+2ab+2b(-c)+2a(-c)$
$=a^2+b^2+c^2+2ab-2bc-2ca.$

১৯. $h+\frac{1}{h}=6$ হলে, $h-\frac{1}{h}$ এর মান কত? [চ. বো. '১৬]
ক $4\sqrt{2}$ খ $2\sqrt{10}$
গ 34 ঘ 38
▶▶ তথ্য/ব্যাখ্যা : $\left(h-\frac{1}{h}\right)^2=\left(h+\frac{1}{h}\right)^2-4.h.\frac{1}{h}=6^2-4=32$
$\therefore h-\frac{1}{h}=\sqrt{32}=\sqrt{16\times2}=4\sqrt{2}.$

২০. $p+q=5, p-q=3$ হলে, p^2+q^2 এর মান কত? [সি. বো. '১৭]
ক 34 খ 19
গ 17 ঘ 8
▶▶ তথ্য/ব্যাখ্যা : $p^2+q^2=\frac{(p+q)^2+(p-q)^2}{2}$
$=\frac{5^2+3^2}{2}=\frac{25+9}{2}=\frac{34}{2}=17.$

২১. $x=2+\sqrt{3}$ হলে, x^2 এর মান কত? [সি. বো. '১৫]
ক $7-4\sqrt{3}$ খ $7+4\sqrt{3}$
গ $7-2\sqrt{3}$ ঘ $7+3\sqrt{3}$
▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $x=2+\sqrt{3}$
বা, $x^2=(2+\sqrt{3})^2$ [বর্গ করে]
বা, $x^2=2^2+2\times2\times\sqrt{3}+(\sqrt{3})^2=4+4\sqrt{3}+3=7+4\sqrt{3}$
$\therefore x^2$ এর মান $7+4\sqrt{3}.$

২২. $25x^2+36y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ রাশি হবে? [সি. বো. '১৫]
ক $30xy$ খ $45xy$
গ $60xy$ ঘ $70xy$
▶▶ তথ্য/ব্যাখ্যা : $25x^2+36y^2+60xy$
$=(5x)^2+2.5x.6y+(6y)^2$
$=(5x+6y)^2$; যা পূর্ণবর্গ রাশি।

২৩. $a+b=3$ এবং $ab=2$ হলে, a^2-ab+b^2 এর মান কত? [সি. বো. '১৫]
ক 3 খ 5
গ 9 ঘ 13
▶▶ তথ্য/ব্যাখ্যা : $a^2-ab+b^2=a^2+b^2-ab$
$=(a+b)^2-2ab-ab$
$=3^2-2\times2-2$
$=9-4-2=9-6=3.$

২৪. $(-2x-3y)$ এর বর্গ নিচের কোনটি? [ব. বো. '১৬]
ক $-4x^2-12xy-9y^2$ খ $2x^2+12xy+9y^2$
গ $4x^2-12xy+9y^2$ ঘ $4x^2+12xy+9y^2$
▶▶ তথ্য/ব্যাখ্যা : $(-2x-3y)^2=\{-(2x+3y)\}^2$
$=(2x+3y)^2$
$=(2x)^2+2.2x.3y+(3y)^2$
$=4x^2+12xy+9y^2.$

২৫. $\frac{1}{2}\{(2x+3y)^2+(2x-3y)^2\}=$ কত? [ব. বো. '১৬]
ক $4x^2+9y^2$ খ $2(4x^2+9y^2)$
গ $12xy$ ঘ $24xy$

২৬. $x^2+\frac{1}{x^2}=18$ হলে, $x+\frac{1}{x}=$ কত? [ব. বো. '১৬]
ক 4 খ $\sqrt{14}$
গ $2\sqrt{3}$ ঘ $2\sqrt{5}$
▶▶ তথ্য/ব্যাখ্যা : $x^2+\frac{1}{x^2}=18$
বা, $\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=18$
$\therefore x+\frac{1}{x}=\sqrt{20}=\sqrt{4\times5}=2\sqrt{5}.$

২৭. $a+b=\sqrt{7}$ এবং $a-b=\sqrt{3}$ হলে, $ab=$ কত? [ব. বো. '১৫]
ক 10 খ 5
গ 3 ঘ 1
▶▶ তথ্য/ব্যাখ্যা : $ab=\left(\frac{a+b}{2}\right)^2-\left(\frac{a-b}{2}\right)^2$
$=\left(\frac{\sqrt{7}}{2}\right)^2-\left(\frac{\sqrt{3}}{2}\right)^2=\frac{7}{4}-\frac{3}{4}=\frac{7-3}{4}=\frac{4}{4}=1.$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১২	ক	১৩	খ	১৪	গ	১৫	গ	১৬	ক	১৭	ক	১৮	খ	১৯	ক	২০	গ	২১	খ	২২	গ	২৩	ক	২৪	ঘ	২৫	ক	২৬	ঘ	২৭	ঘ

www.abswer.com

www.abswer.com

২৮. $a=\sqrt{2}, b=\sqrt{3}$ হলে $(a+b)^2-2ab$ এর মান কত? [দি. বো. '১৭]

ক 1 খ 2
গ 3 ঘ 5

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(a+b)^2-2ab=a^2+b^2$
$=(\sqrt{2})^2+(\sqrt{3})^2=2+3=5.$

২৯. $b+\frac{2}{b}=3$ হলে, $\left(b-\frac{2}{b}\right)^2$ এর মান কত? [দি. বো. '১৬]

ক 9 খ 5
গ 3 ঘ 1

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\left(b-\frac{2}{b}\right)^2=\left(b+\frac{2}{b}\right)^2-4.b.\frac{2}{b}=3^2-8=1.$

৩০. $a+\frac{1}{a}=\sqrt{2}$ হলে, $a^2+\frac{1}{a^2}$ এর মান কত? [দি. বো. '১৫]

ক −2 খ 0
গ 4 ঘ 6

▶▶ তথ্য/ব্যাখ্যা : $a^2+\frac{1}{a^2}=\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}$
$=(\sqrt{2})^2-2=2-2=0.$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৩১. $x+\frac{1}{x}=\sqrt{5}$ হলে,

i. $x^2-\sqrt{5}x+1=0$
ii. $x-\frac{1}{x}=1$
iii. $x^2+\frac{1}{x^2}=5$

নিচের কোনটি সঠিক? [কু. বো. '২০]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▶▶ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $x+\frac{1}{x}=\sqrt{5}$
বা, $\frac{x^2+1}{x}=\sqrt{5}$
বা, $x^2+1=\sqrt{5}x$
∴ (i) $x^2-\sqrt{5}x+1=0$
(ii) $x-\frac{1}{x}=\sqrt{(x+\frac{1}{x})^2-4.x.\frac{1}{x}}=\sqrt{(\sqrt{5})^2-4}=\sqrt{5-4}=\sqrt{1}=1$
(iii) $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=(\sqrt{5})^2-2=5-2=3\neq 5.$
∴ (i) ও (ii) সঠিক।

৩২. $x+\frac{1}{x}=1$ হলে–

i. $\left(x+\frac{1}{x}\right)^2=1$
ii. $\left(x-\frac{1}{x}\right)^2=-3$
iii. $x^2+\frac{1}{x^2}=-1$

নিচের কোনটি সঠিক? [রা. বো. '১৯]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৩. $p+q=\sqrt{3}$ এবং $p-q=\sqrt{2}$ হলে–

i. $p=\frac{\sqrt{3}+\sqrt{2}}{2}$
ii. $p^2-q^2=6$
iii. $pq=\frac{1}{4}$

নিচের কোনটি সঠিক? [কু.বো. '১৯]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. $p^2-2p+1=0$ হলে–

i. p এর সহগ −2
ii. $p+\frac{1}{p}=2$
iii. $p-\frac{1}{p}=0$

নিচের কোনটি সঠিক? [দি. বো. '১৪]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. $a+b=4, a-b=2$ হলে–

i. $a^2-b^2=7$
ii. $a^2+b^2=10$
iii. $ab=a$

নিচের কোনটি সঠিক? [য. বো. '১৫]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬. i. $(a+b)^2=a^2+2ab+b^2$
ii. $(a+b)^2=(a-b)^2+4ab$
iii. $(a+b)^4-(a-b)^4=8ab(a^2+b^2)$

নিচের কোনটি সঠিক? [কু. বো. '১৫]

ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

▶▶ তথ্য/ব্যাখ্যা : বীজগাণিতিক সূত্রাবলি হতে,
$(a+b)^2=a^2+2ab+b^2=a^2-2ab+b^2+4ab=(a-b)^2+4ab$
আবার, $(a+b)^4-(a-b)^4=\{(a+b)^2\}^2-\{(a-b)^2\}^2$
$=\{(a+b)^2+(a-b)^2\}\{(a+b)^2-(a-b)^2\}$
$=2(a^2+b^2)\times 4ab=8ab(a^2+b^2)$
সুতরাং (i), (ii) ও (iii) সঠিক।

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ উদ্দীপকের আলোকে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও : [য. বো. '১৯]

$p-\frac{1}{p}=7$

৩৭. $\left(p+\frac{1}{p}\right)^2=?$

ক 53 খ 51
গ 47 ঘ 45

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\left(p+\frac{1}{p}\right)^2=\left(p-\frac{1}{p}\right)^2+4p.\frac{1}{p}$
$=7^2+4=49+4=53.$

৩৮. $\frac{p}{p^2-6p-1}$ এর মান কত?

ক $\frac{1}{12}$ খ $\frac{1}{2}$
গ 2 ঘ 12

▶▶ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $p-\frac{1}{p}=7$ বা, $\frac{p^2-1}{p}=7$
∴ $p^2-1=7p$
এখন, প্রদত্ত রাশি $=\frac{p}{p^2-6p-1}=\frac{p}{p^2-1-6p}=\frac{p}{7p-6p}=\frac{p}{p}=1.$

■ নিচের তথ্যের আলোকে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও :

$x=7+4\sqrt{3}$ [কু.বো. '১৯]

৩৯. $x^2+\frac{1}{x^2}$ এর মান কত?

ক 190 খ 194
গ 198 ঘ 200

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, $x=7+4\sqrt{3}$
∴ $\frac{1}{x}=\frac{1}{7+4\sqrt{3}}=\frac{(7-4\sqrt{3})}{(7+4\sqrt{3})(7-4\sqrt{3})}=7-4\sqrt{3}$
∴ $x+\frac{1}{x}=7+4\sqrt{3}+7-4\sqrt{3}=14$
∴ $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=(14)^2-2=196-2=194$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

২৮	ঘ	২৯	ঘ	৩০	খ	৩১	ক	৩২	ঘ	৩৩	খ	৩৪	ঘ	৩৫	গ	৩৬	ঘ	৩৭	ক	৩৮	*	৩৯	খ

www.abswer.com

www.abswer.com

৪০. $\sqrt{x}-\frac{1}{\sqrt{x}}$ এর মান কত?

ক $2\sqrt{3}$ খ 4
গ $8\sqrt{3}$ ঘ 14

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\left(\sqrt{x}-\frac{1}{\sqrt{x}}\right)^2 = (\sqrt{x})^2 - 2\sqrt{x}.\frac{1}{\sqrt{x}}+\left(\frac{1}{\sqrt{x}}\right)^2$

$= x-2+\frac{1}{x} = x+\frac{1}{x}-2$

$= 14-2 = 12$

বা, $\sqrt{x}-\frac{1}{\sqrt{x}} = \sqrt{12} = 2\sqrt{3}$.

■ নিচের তথ্যের আলোকে ৪১ ও ৪২ নং প্রশ্নের উত্তর দাও :

$a^2-4a-1=0$ [চ. বো. '১৯]

৪১. $a^2+\frac{1}{a^2}$ এর মান কত?

ক 12 খ 14
গ 18 ঘ 20

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a^2-4a-1=0$

বা, $a^2-1=4a$ বা, $\frac{a^2-1}{a}=4$

বা, $a-\frac{1}{a}=4$ বা, $\left(a-\frac{1}{a}\right)^2=4^2$

বা, $a^2-2a.\frac{1}{a}+\frac{1}{a^2}=16 \therefore a^2+\frac{1}{a^2}=18$.

৪২. $a+\frac{1}{a}$ এর মান কত? [যখন $a>0$]

ক $2\sqrt{3}$ খ $\sqrt{14}$
গ $3\sqrt{2}$ ঘ $2\sqrt{5}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a^2+\frac{1}{a^2}=18$

বা, $\left(a+\frac{1}{a}\right)^2-2a.\frac{1}{a}=18$ বা, $\left(a+\frac{1}{a}\right)^2=20$

বা, $a+\frac{1}{a}=\sqrt{20} \therefore a+\frac{1}{a}=2\sqrt{5}$.

■ নিচের তথ্য পড়ে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও : [সি. বো. '১৯]

$x+y=\sqrt{10}$ এবং $x-y=\sqrt{6}$

৪৩. xy এর মান কত?

ক 1 খ 2
গ 4 ঘ 8

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $x+y=\sqrt{10}$ এবং $x-y=\sqrt{6}$

$\therefore xy = \left(\frac{x+y}{2}\right)^2-\left(\frac{x-y}{2}\right)^2 = \left(\frac{\sqrt{10}}{2}\right)^2-\left(\frac{\sqrt{6}}{2}\right)^2 = 1$

৪৪. x^2+y^2 এর মান নিচের কোনটি?

ক 16 খ 8
গ 4 ঘ 2

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2+y^2=\frac{(x+y)^2+(x-y)^2}{2}$

$=\frac{(\sqrt{10})^2+(\sqrt{6})^2}{2}$ [$\because x+y=\sqrt{10}, x-y=\sqrt{6}$]

$=\frac{10+6}{2}=\frac{16}{2}=8$.

■ উদ্দীপকটি পড়ে ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও :

$a^2-5a-1=0$ [সকল বোর্ড ২০১৮]

৪৫. $a^2+\frac{1}{a^2}$ এর মান কত?

ক 23 খ 25
গ 27 ঘ 29

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, $a^2-5a-1=0$

বা, $a\left(a-\frac{1}{a}\right)=5a$

বা, $a-\frac{1}{a}=5$ বা, $\left(a-\frac{1}{a}\right)^2=5^2$

বা, $a^2+\frac{1}{a^2}-2.a.\frac{1}{a}=25 \therefore a^2+\frac{1}{a^2}=25+2=27$.

৪৬. $a+\frac{1}{a}$ এর মান কত?

ক $\sqrt{29}$ খ $\sqrt{27}$
গ $\sqrt{23}$ ঘ $\sqrt{21}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\left(a+\frac{1}{a}\right)^2 = a^2+2.a.\frac{1}{a}+\left(\frac{1}{a}\right)^2$

$= a^2+2+\frac{1}{a^2} = a^2+\frac{1}{a^2}+2 = 27+2 = 29$

$\therefore a+\frac{1}{a}=\sqrt{29}$

■ $x^2+1=\sqrt{3}x$ হলে, তথ্যের আলোকে ৪৭ ও ৪৮ নং প্রশ্নের উত্তর দাও : [ঢা. বো. '১৬]

৪৭. $x+\frac{1}{x}=$ কত

ক $\sqrt{3}-1$ খ $\sqrt{3}$
গ 3 ঘ $3\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $x^2+1=\sqrt{3}x$

বা, $x\left(x+\frac{1}{x}\right)=\sqrt{3}x \therefore x+\frac{1}{x}=\sqrt{3}$

৪৮. $x^2+\frac{1}{x^2}=$ কত?

ক $3\sqrt{3}$ খ $\sqrt{3}$
গ 1 ঘ 0

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}$

$=(\sqrt{3})^2-2=3-2=1$.

■ $x^2-5-2\sqrt{6}=0$ হলে ৪৯ – ৫১ নং প্রশ্নের উত্তর দাও : [য. বো. '১৬]

৪৯. x এর মান কোনটি?

ক $\sqrt{3}+\sqrt{2}$ খ $\sqrt{3}-\sqrt{2}$
গ $(\sqrt{3}+\sqrt{2})^2$ ঘ $\sqrt{\sqrt{3}-\sqrt{2}}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2-5-2\sqrt{6}=0$

বা, $x^2=5+2\sqrt{6}$ বা, $x^2=(\sqrt{3})^2+2.\sqrt{3}.\sqrt{2}+(\sqrt{2})^2$

বা, $x^2=(\sqrt{3}+\sqrt{2})^2 \therefore x=\sqrt{3}+\sqrt{2}$.

৫০. $x-\frac{1}{x}=$ কত?

ক $2\sqrt{3}$ খ $2\sqrt{2}$
গ $3\sqrt{2}$ ঘ $\sqrt{12}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x=\sqrt{3}+\sqrt{2}$

$\therefore \frac{1}{x}=\frac{1}{\sqrt{3}+\sqrt{2}}=\frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-2)}$

$=\frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}=\frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}=\sqrt{3}-\sqrt{2}$

$\therefore x-\frac{1}{x}=\sqrt{3}+\sqrt{2}-\sqrt{3}+\sqrt{2}=2\sqrt{2}$.

৫১. $x^2-\frac{1}{x^2}=$ কত?

ক $6\sqrt{4}$ খ $4\sqrt{6}$
গ $2(\sqrt{3}+\sqrt{2})$ ঘ $8\sqrt{6}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2-\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)\left(x-\frac{1}{x}\right)$

$=(\sqrt{3}+\sqrt{2}+\sqrt{3}-\sqrt{2})\times 2\sqrt{2}=2\sqrt{3}\times 2\sqrt{2}=4\sqrt{6}$.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৪০	ক	৪১	গ	৪২	ঘ	৪৩	ক	৪৪	খ	৪৫	গ	৪৬	ক	৪৭	খ	৪৮	গ	৪৯	ক	৫০	খ	৫১	ঘ

www.abswer.com

www.abswer.com

আঞ্চলিক স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

৫২. $x^2 = \sqrt[3]{27}$ হলে, x = কত? [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা; নওগাঁ কে. ডি. সরকারি উচ্চ বিদ্যালয়, নওগাঁ]

ক $\pm\sqrt{3}$ খ $\pm\sqrt{2}$
গ ± 3 ঘ ± 2

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x^2 = \sqrt[3]{27} = (27)^{\frac{1}{3}} = (3^3)^{\frac{1}{3}}$
বা, $x^2 = 3 \therefore x = \pm\sqrt{3}$.

৫৩. যদি $a + \frac{4}{a} = 4$ হয় তবে $\frac{a}{a^2+a-2}$ এর মান কত? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]

ক $\frac{1}{2}$ খ $\frac{2}{3}$
গ 1 ঘ 2

▶▶ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে,
$a + \frac{4}{a} = 4$। এখানে, $a = 2$ হলে উক্তিটি সত্য।
$\therefore \frac{a}{a^2+a-2} = \frac{2}{2^2+2-2} = \frac{1}{2}$.

৫৪. $x^2 - 5x + 1 = 0$ হলে $x^2 - \frac{1}{x^2}$ এর মান কত? [মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]

ক $5\sqrt{21}$ খ $5\sqrt{23}$
গ $5\sqrt{27}$ ঘ $5\sqrt{29}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x^2 - 5x + 1 = 0$ বা, $x^2 + 1 = 5x$ বা, $x + \frac{1}{x} = 5$
$\therefore \left(x - \frac{1}{x}\right)^2 = \left(x + \frac{1}{x}\right)^2 - 4x\frac{1}{x} = 5^2 - 4 = 25 - 4 = 21$
$\therefore x - \frac{1}{x} = \sqrt{21} \therefore x^2 - \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right) = 5\sqrt{21}$.

৫৫. $a^2 + 1 = 2a$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ = কত? [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক 4 খ 3
গ 2 ঘ 1

▶▶ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $a^2 + 1 = 2a$
বা, $\frac{a^2+1}{a} = 2$ বা, $a + \frac{1}{a} = 2$
$\therefore a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2 \cdot a \cdot \frac{1}{a} = (2)^2 - 2 = 4 - 2 = 2$.

৫৬. $a^2 - \sqrt{3}a + 1 = 0$ হলে, $a + \frac{1}{a}$ = কত? [মতিঝিল মডেল হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক $\sqrt{2}$ খ $\sqrt{3}$
গ $\sqrt{5}$ ঘ 0

▶▶ তথ্য/ব্যাখ্যা : $a^2 - \sqrt{3}a + 1 = 0$
বা, $a^2 + 1 = \sqrt{3}a$ বা, $\frac{a^2+1}{a} = \frac{\sqrt{3}a}{a} \therefore a + \frac{1}{a} = \sqrt{3}$.

৫৭. যদি $x + 1 = 4\sqrt{x}$ হয়, তবে $x + \frac{1}{x}$ এর মান কত? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]

ক 12 খ 13
গ 14 ঘ 16

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x + 1 = 4\sqrt{x}$
বা, $\frac{x}{\sqrt{x}} + \frac{1}{\sqrt{x}} = 4$ বা, $\sqrt{x} + \frac{1}{\sqrt{x}} = 4$ বা, $\left(\sqrt{x} + \frac{1}{\sqrt{x}}\right)^2 = 16$
বা, $x + \frac{1}{x} + 2 = 16 \therefore x + \frac{1}{x} = 14$,

৫৮. $\sqrt{a} + \frac{1}{\sqrt{a}} = 2$ হলে $a + \frac{1}{a}$ = ? [মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক 2 খ 4
গ $\sqrt{2}$ ঘ $\sqrt{3}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $\sqrt{a} + \frac{1}{\sqrt{a}} = 2$
বা, $\left(\sqrt{a} + \frac{1}{\sqrt{a}}\right)^2 = 2^2$ [বর্গ করে]
বা, $(\sqrt{a})^2 + \left(\frac{1}{\sqrt{a}}\right)^2 + 2 \cdot \sqrt{a} \cdot \frac{1}{\sqrt{a}} = 4$
বা, $a + \frac{1}{a} + 2 = 4 \therefore a + \frac{1}{a} = 4 - 2 = 2$.

৫৯. $x^2 + \frac{1}{x^2} = 18$ হলে, $x + \frac{1}{x}$ = কত? [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]

ক 4 খ $\sqrt{14}$
গ $2\sqrt{3}$ ঘ $2\sqrt{5}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x^2 + \frac{1}{x^2} = 18$
বা, $\left(x + \frac{1}{x}\right)^2 - 2 \cdot x \cdot \frac{1}{x} = 18$
বা, $\left(x + \frac{1}{x}\right)^2 = 20$ বা, $x + \frac{1}{x} = \sqrt{20} = \sqrt{4 \times 5} = 2\sqrt{5}$.

৬০. $P - \frac{1}{P} = \sqrt{3}$ হলে, $P^2 + \frac{1}{P^2}$ এর মান কত? [মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক 5 খ 0
গ -5 ঘ 8

▶▶ তথ্য/ব্যাখ্যা : $p - \frac{1}{p} = \sqrt{3}$
$p^2 + \frac{1}{p^2} = \left(p - \frac{1}{p}\right)^2 + 2.p.\frac{1}{p} = (\sqrt{3})^2 + 2 = 3 + 2 = 5$.

৬১. $x^2 - x - 1 = 0$ হলে, x = কত? [সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর]

ক $\frac{5}{2}$ খ $\frac{7}{2}$
গ $\frac{1}{2}$ ঘ $\frac{1+\sqrt{5}}{2}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x^2 - x - 1 = 0$
বা, $x\left(x - 1 - \frac{1}{x}\right) = 0$
বা, $x - \frac{1}{x} = 1$ ..... (1)
বা, $\left(x + \frac{1}{x}\right)^2 - 4x\frac{1}{x} = 1$
বা, $x + \frac{1}{x} = \sqrt{5}$ ..... (2)
(1) নং ও (2) যোগ করে, $2x = \sqrt{5} + 1$ বা, $x = \frac{\sqrt{5}+1}{2}$.

৬২. $x^2 + \frac{1}{x^2} = 10$ হলে, $x + \frac{1}{x}$ = কত? [মতিঝিল মডেল হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক $2\sqrt{3}$ খ $2\sqrt{2}$
গ $\sqrt{3}$ ঘ $\sqrt{2}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x^2 + \frac{1}{x^2} = 10$
বা, $\left(x + \frac{1}{x}\right)^2 - 2x\frac{1}{x} = 10$ বা, $\left(x + \frac{1}{x}\right)^2 - 2 = 10$
বা, $\left(x + \frac{1}{x}\right)^2 = 10 + 2 \therefore x + \frac{1}{x} = \sqrt{12} = 2\sqrt{3}$.

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৫২	ক	৫৩	ক	৫৪	ক	৫৫	গ	৫৬	খ	৫৭	গ	৫৮	ক	৫৯	ঘ	৬০	ক	৬১	খ	৬২	ক

www.abswer.com

www.abswer.com

৬৩. $a^2-\sqrt{2}a+1=0$ হলে, $a+\frac{1}{a}$ এর সমান নিচের কোনটি? [শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক 2 খ 8
গ $\sqrt{2}$ ঘ $\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a^2-\sqrt{2}a+1=0$
বা, $a^2+1=\sqrt{2}a$ বা, $\frac{a^2+1}{a}=\sqrt{2}$ ∴ $a+\frac{1}{a}=\sqrt{2}$.

৬৪. $x=2+\sqrt{3}$ হলে, x^2 এর মান কত? [মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক $7-4\sqrt{3}$ খ $7+4\sqrt{3}$
গ $7-2\sqrt{3}$ ঘ $7+3\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x=2+\sqrt{3}$
বা, $x^2=(2+\sqrt{3})^2=2^2+2.2\sqrt{3}+(\sqrt{3})^2=4+4\sqrt{3}+3=7+4\sqrt{3}$.

৬৫. $x=3+2\sqrt{2}$ হলে, $x-\frac{1}{x}=$ কত? [মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]

ক $3-2\sqrt{2}$ খ 6
গ $4\sqrt{2}$ ঘ $6+4\sqrt{2}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x=3+2\sqrt{2}$

$\therefore \frac{1}{x}=\frac{1}{3+2\sqrt{2}}=\frac{3-2\sqrt{2}}{(3+2\sqrt{2})(3-2\sqrt{2})}$

$=\frac{3-2\sqrt{2}}{3^2-(2\sqrt{2})^2}=\frac{3-2\sqrt{2}}{9-8}=3-2\sqrt{2}$

$x-\frac{1}{x}=3+2\sqrt{2}-3+2\sqrt{2}=4\sqrt{2}$.

৬৬. $x+y=30, x-y=20$ হলে $\sqrt{x}$ এর মান কত? [সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ঢাকা]

ক 25 খ 10
গ 5 ঘ $\sqrt{5}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x+y=30$ এবং $x-y=20$
∴ $x+y+x-y=30+20$
বা, $2x=50$ বা, $x=\frac{50}{2}$
বা, $x=25$ ∴ $\sqrt{x}=\sqrt{25}=5$.

৬৭. $a+b=\sqrt{7}$ এবং $a-b=\sqrt{5}$ হলে $ab(a^2+b^2)=$ কত? [শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি, শেরপুর]

ক 2 খ 3
গ 4 ঘ 8

▸▸ তথ্য/ব্যাখ্যা : $ab(a^2+b^2)$

$=\left\{\left(\frac{a+b}{2}\right)^2-\left(\frac{a-b}{2}\right)^2\right\}\left\{\frac{(a+b)^2+(a-b)^2}{2}\right\}$

$=\left\{\left(\frac{\sqrt{7}}{2}\right)^2-\left(\frac{\sqrt{5}}{2}\right)^2\right\}\left\{\frac{(\sqrt{7})^2+(\sqrt{5})^2}{2}\right\}$

$=\left(\frac{7}{4}-\frac{5}{4}\right)\left(\frac{7+5}{2}\right)=\left(\frac{7-5}{4}\right)\left(\frac{12}{2}\right)=\frac{2}{4}\times 6=\frac{1}{2}\times 6=3$.

৬৮. $(a^2+1)^2=5a^2$ হলে, $a+\frac{1}{a}$ এর মান কত? [ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]

ক 5 খ $2\sqrt{5}$
গ 0 ঘ $\sqrt{5}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $(a^2+1)^2=5a^2$ বা, $a^2+1=\sqrt{5}a$
∴ $a+\frac{1}{a}=\sqrt{5}$.

৬৯. $a^2+\frac{1}{a^2}=2$ হলে, $a-\frac{1}{a}=$ কত? [ফরিদপুর জিলা স্কুল, ফরিদপুর]

ক 0 খ 1
গ 2 ঘ 3

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a^2+\frac{1}{a^2}=2$
বা, $\left(a+\frac{1}{a}\right)^2-2a\frac{1}{a}=2$
বা, $\left(a+\frac{1}{a}\right)^2=2+2$ বা, $\left(a-\frac{1}{a}\right)^2+4a.\frac{1}{a}=4$
বা, $\left(a-\frac{1}{a}\right)^2=4-4$ বা, $\left(a-\frac{1}{a}\right)^2=0$ ∴ $a-\frac{1}{a}=0$.

৭০. $p+\frac{1}{p}=\sqrt{5}$ হলে, $p^2+\frac{1}{p^2}$ এর মান কত? [ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]

ক 4 খ 3
গ -3 ঘ 5

▸▸ তথ্য/ব্যাখ্যা : $P+\frac{1}{P}=\sqrt{5}$ বা, $\left(p+\frac{1}{p}\right)^2=5$
বা, $p^2+2.p.\frac{1}{p}+\frac{1}{p^2}=5$ বা, $p^2+\frac{1}{p^2}=5-2$ ∴ $p^2+\frac{1}{p^2}=3$.

৭১. $a=0$ হলে, $(a+2)(a^2-2a+4)=$ কত? [মোহাম্মদপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]

ক 2 খ 4
গ 6 ঘ 8

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, $a=0$
প্রদত্ত রাশি $=(a+2)(a^2-2a+4)$
$=(a+2)(a^2-2.a+2^2)=a^3+2^3=0^3+8=8$.

৭২. $\frac{1}{2}\{(2x+3y)^2+(2x-3y)^2\}=$ কত? [ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল, ঢাকা]

ক $4x^2+9y^2$ খ $2(4x^2+9y^2)$
গ $12xy$ ঘ $24xy$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\frac{1}{2}\{(2x+3y)^2+(2x-3y)^2\}=\frac{1}{2}\times 2\{(2x)^2+(3y)^2\}$
$=4x^2+9y^2$.

৭৩. $x^2-3x+1=0$ হলে, $x^2+\frac{1}{x^2}$ এর মান কোনটি? [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

ক 0 খ 3
গ 7 ঘ 9

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2-3x+1=0$ বা, $x+\frac{1}{x}=3$
বা, $x^2+2+\frac{1}{x^2}=9$ বা, $x^2+\frac{1}{x^2}=7$.

৭৪. $2x+\frac{1}{x}=3$ হলে, $4x^2+\frac{1}{x^2}$ এর মান কত? [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

ক 3 খ 5
গ 7 ঘ 9

▸▸ তথ্য/ব্যাখ্যা : $2x+\frac{1}{x}=3$ বা, $4x^2+2.2+\frac{1}{x^2}=9$ ∴ $4x^2+\frac{1}{x^2}=5$

৭৫. $x=9+4\sqrt{5}$ হলে $\sqrt{x}$ এর মান কত? [সরকারি পি.এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]

ক $\sqrt{5}+\sqrt{2}$ খ $\sqrt{5}-\sqrt{4}$
গ $\sqrt{5}+\sqrt{4}$ ঘ $(\sqrt{5}+\sqrt{4})^2$

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $x=9+4\sqrt{3}$
বা, $x=(\sqrt{5})^2+2.\sqrt{5}.2+(2)^2$
বা, $x=(\sqrt{5}+2)^2$
বা, $\sqrt{x}=\sqrt{(\sqrt{5}+2)^2}$ [বর্গমূল করে]
বা, $\sqrt{x}=\sqrt{5}+2$ ∴ $\sqrt{x}=\sqrt{5}+\sqrt{4}$.

৭৬. $x^2-2\sqrt{6}-5=0$ হলে, $x=$ কত? [রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী]

ক $2\sqrt{3}$ খ $2\sqrt{2}$
গ $\sqrt{3}-\sqrt{2}$ ঘ $\sqrt{3}+\sqrt{2}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2-2\sqrt{6}-5=0$
বা, $x^2=2\sqrt{6}+5=3+2\sqrt{6}+2=(\sqrt{3})^2+2\sqrt{3}.\sqrt{2}+(\sqrt{2})^2=(\sqrt{3}+\sqrt{2})^2$
∴ $x=\sqrt{3}+\sqrt{2}$.

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৬৩	গ	৬৪	খ	৬৫	গ	৬৬	গ	৬৭	খ	৬৮	ঘ	৬৯	ক	৭০	খ	৭১	ঘ	৭২	ক	৭৩	গ	৭৪	খ	৭৫	গ	৭৬	ঘ

www.abswer.com

www.abswer.com

৭৭. $a^2-2a+1=0$ হলে, $\sqrt{a^2+3a}$ এর মান কত? [রাজশাহী সরকারি বালিকা বিদ্যালয়, রাজশাহী]

ক ± 2 খ 2
গ ± 4 ঘ 4

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, $a^2-2a+1=0$
বা, $a^2-2.a.1+1^2=0$ বা, $(a-1)^2=0$ বা, $a-1=0$ বা, $a=1$
প্রদত্ত রাশি $=\sqrt{a^2+3a}=\sqrt{1^2+3.1}=\sqrt{1+3}=\sqrt{4}=2$.

৭৮. $x^2+2=3x$ হলে, $\left(x-\frac{2}{x}\right)^2$ এর মান কত? [কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা]

ক 1 খ 5
গ 13 ঘ 17

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $x^2+2=3x$
বা, $\frac{x^2}{x}+\frac{2}{x}=\frac{3x}{x}$ [x দ্বারা ভাগ করে]
$\therefore x+\frac{2}{x}=3$
এখন, $\left(x-\frac{2}{x}\right)^2=\left(x+\frac{2}{x}\right)^2-4\cdot x\cdot\frac{2}{x}=3^2-8=9-8=1$.

৭৯. $p+\frac{1}{p}=5$ হলে, $\frac{p}{p^2+p+1}$ এর মান নিচের কোনটি? [কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা]

ক $\frac{1}{8}$ খ $\frac{1}{6}$
গ 1 ঘ 5

▸▸ তথ্য/ব্যাখ্যা : $p+\frac{1}{p}=5$ বা, $p^2+1=5p$
$\therefore \frac{p}{p^2+p+1}=\frac{p}{5p+p}=\frac{p}{6p}=\frac{1}{6}$.

৮০. $x+\frac{1}{x}=\sqrt{2}$ হলে $x^2+\frac{1}{x^2}$ এর মান কত? [কুমিল্লা মডার্ন হাই স্কুল, কুমিল্লা]

ক -2 খ 0
গ 4 ঘ 6

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x+\frac{1}{x}=\sqrt{2}$
বা, $\left(x+\frac{1}{x}\right)^2=(\sqrt{2})^2$ বা, $x^2+2.x\frac{1}{x}+\frac{1}{x^2}=2$ বা, $x^2+\frac{1}{x^2}=2-2$
$\therefore x^2+\frac{1}{x^2}=0$.

৮১. $x+\frac{1}{x}=7$ হলে, $\frac{x}{x^2+x+1}$ এর মান কোনটি? [ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম]

ক $\frac{1}{8}$ খ $-\frac{1}{8}$
গ $\frac{1}{7}$ ঘ $-\frac{1}{7}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x+\frac{1}{x}=7$ বা, $\frac{x^2+1}{x}=7$ বা, $x^2+1=7x$.
$\therefore \frac{x}{x^2+x+1}=\frac{x}{7x+x}=\frac{x}{8x}=\frac{1}{8}$.

৮২. $p+\frac{1}{p}=0$ হলে $\sqrt{p}+\frac{1}{\sqrt{p}}$ এর মান কত? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী]

ক 0 খ 1
গ $\sqrt{2}$ ঘ $\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $p+\frac{1}{p}=0$
বা, $(\sqrt{p})^2+\frac{1}{(\sqrt{p})^2}=0$ বা, $\left(\sqrt{p}+\frac{1}{\sqrt{p}}\right)^2-2.\sqrt{p}.\frac{1}{\sqrt{p}}=0$
বা, $\left(\sqrt{p}+\frac{1}{\sqrt{p}}\right)^2=2 \therefore \sqrt{p}+\frac{1}{\sqrt{p}}=\sqrt{2}$.

৮৩. $(a-b)^3=3\sqrt{3}$ হলে, $a^2-2ab+b^2=$ কত? [ডা: খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ক $\sqrt{3}$ খ $2\sqrt{3}$
গ 3 ঘ 9

▸▸ তথ্য/ব্যাখ্যা : $(a-b)^3=3\sqrt{3}$
বা, $(a-b)^3=(\sqrt{3})^3$
$\therefore a-b=\sqrt{3}$
$\therefore a^2-2ab+b^2=a^2+b^2-2ab=(a-b)^2+2ab-2ab=(\sqrt{3})^2=3$.

৮৪. $(x^2+1)^2=5x^2$ হলে $x+\frac{1}{x}=$ কত? [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]

ক $\sqrt{5}$ খ $\sqrt{7}$
গ $\sqrt{11}$ ঘ $\sqrt{13}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $(x^2+1)^2=5x^2$
বা, $x^2+1=\sqrt{5}x$ [বর্গমূল করে]
বা, $\frac{x^2+1}{x}=\sqrt{5} \therefore x+\frac{1}{x}=\sqrt{5}$.

৮৫. $x+\frac{1}{x}=\sqrt{3}$ হলে $x^2+\frac{1}{x^2}=?$ [বু বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট]

ক 1 খ 2
গ 3 ঘ 4

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $x+\frac{1}{x}=\sqrt{3}$
$\therefore x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2\cdot x\cdot\frac{1}{x}=(\sqrt{3})^2-2=3-2=1$.

৮৬. $x^4-5x^2+1=0$ হলে, $x+\frac{1}{x}$ এর মান কত? [সিলেট সরকারি পাইলট বিদ্যালয়, সিলেট]

ক $\sqrt{3}$ খ $\sqrt{7}$
গ $\sqrt{5}$ ঘ 2

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^4-5x^2+1=0$
বা, $x^4+1=5x^2$ বা, $\frac{x^4+1}{x^2}=5$
বা, $x^2+\frac{1}{x^2}=5$ বা, $\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=5$
বা, $\left(x+\frac{1}{x}\right)^2=5+2$ বা, $x+\frac{1}{x}=\sqrt{7}$.

৮৭. $x^2-5x+1=0$ হলে, $x^2-\frac{1}{x^2}$ এর মান কত? [বরিশাল জিলা স্কুল, বরিশাল]

ক $5\sqrt{21}$ খ $5\sqrt{23}$
গ $5\sqrt{27}$ ঘ $5\sqrt{29}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2-5x+1=0$ বা, $x^2+1=5x$ বা, $\frac{x^2}{x}+\frac{1}{x}=\frac{5x}{x}$
$\therefore x+\frac{1}{x}=5$
$\therefore x-\frac{1}{x}=\sqrt{\left(x+\frac{1}{x}\right)^2-4\cdot x\cdot\frac{1}{x}}=\sqrt{5^2-4}=\sqrt{25-4}=\sqrt{21}$
$\therefore x^2-\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)\left(x-\frac{1}{x}\right)=5\sqrt{21}$.

৮৮. যদি $x=2-\sqrt{3}$ হয় তবে x^2 এর মান কত? [দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর]

ক 1 খ $7-4\sqrt{3}$
গ $2+\sqrt{3}$ ঘ $\frac{1}{2-\sqrt{3}}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x=2-\sqrt{3}$
বা, $x^2=(2-\sqrt{3})^2$ [বর্গ করে]
$=(2)^2-2.2.\sqrt{3}+(\sqrt{3})^2=4-4\sqrt{3}+3=7-4\sqrt{3}$.

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

৭৭	খ	৭৮	ক	৭৯	খ	৮০	খ	৮১	ক	৮২	গ	৮৩	গ	৮৪	ক	৮৫	ক	৮৬	খ	৮৭	ক	৮৮	খ

www.abswer.com

www.abswer.com

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৮৯. যদি $x+\frac{1}{x}=1$ হয় তবে–

i. $\left(x+\frac{1}{x}\right)^2=1$

ii. $\left(x-\frac{1}{x}\right)^2=-3$

iii. $x^2+\frac{1}{x^2}=-1$

নিচের কোনটি সঠিক? [মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : (i) $\left(x+\frac{1}{x}\right)=1$

$\therefore \left(x+\frac{1}{x}\right)^2=1^2=1$

(ii) $\left(x-\frac{1}{x}\right)^2=\left(x+\frac{1}{x}\right)^2-4.x.\frac{1}{x}=1^2-4=-3$

(iii) $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=1^2-2=-1$

এজন্য তিনটিই সঠিক।

৯০. $x+\frac{1}{x}=4$ হলে–

i. $x-\frac{1}{x}=6$

ii. $x^2-4x+1=0$

iii. $x^2+\frac{1}{x^2}=14$

নিচের কোনটি সঠিক? [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯১. $x^2+\frac{1}{x^2}=7$ হলে–

i. $\left(x+\frac{1}{x}\right)^2=9$

ii. $\left(x-\frac{1}{x}\right)^2=4$

iii. $x^4+\frac{1}{x^4}=47$

নিচের কোনটি সঠিক? [পেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি, পেরপুর]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯২. $x^2-2x+1=0$ হলে–

i. $x+\frac{1}{x}=2$

ii. $\sqrt{x}-\frac{1}{\sqrt{x}}=0$

iii. $x^2+\frac{1}{x^2}=4$

নিচের কোনটি সঠিক? [বগুড়া জিলা স্কুল, বগুড়া]

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2-2x+1=0 \therefore x+\frac{1}{x}=2$

আমরা জানি, $\left(\sqrt{x}-\frac{1}{\sqrt{x}}\right)^2=x+\frac{1}{x}-2=2-2=0 \therefore \sqrt{x}-\frac{1}{\sqrt{x}}=0$

৯৩. $a=4$ এবং $b=3$ হলে–

i. $\left(\frac{a+b}{2}\right)^2-\left(\frac{a-b}{2}\right)^2=12$

ii. $a^2-b^2=7$

iii. $a^2+b^2=7$

নিচের কোনটি সঠিক? [বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম]

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

■ $x^2+1=\sqrt{3}x$ হলে, তথ্যের আলোকে ৯৪ ও ৯৫ নং প্রশ্নের উত্তর দাও : [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

৯৪. $x+\frac{1}{x}=$ কত?

ক $3\sqrt{3}$ খ $\sqrt{3}$

গ 3 ঘ $\sqrt{3}-1$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2+1=\sqrt{3}x$

বা, $\frac{x^2}{x}+\frac{1}{x}=\frac{\sqrt{3}x}{x}$

$\therefore x+\frac{1}{x}=\sqrt{3}$

৯৫. $x^2+\frac{1}{x^2}=$ কত?

ক $3\sqrt{3}$ খ $\sqrt{3}$

গ 1 ঘ 0

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}$

$=(\sqrt{3})^2-2=3-2=1.$

■ উদ্দীপকটি পড়ে ৯৬ ও ৯৭ নং প্রশ্নের উত্তর দাও :

$a^2-3a+1=0$; যেখানে $a>1$ [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

৯৬. $a^2+\frac{1}{a^2}$ এর মান নিচের কোনটি?

ক 6 খ 7

গ 9 ঘ 10

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a^2-3a+1=0$

বা, $a+\frac{1}{a}=3$ বা, $a^2+\frac{1}{a^2}=9-2=7$

৯৭. $a^2-\frac{1}{a^2}$ এর মান নিচের কোনটি?

ক 45 খ 40

গ $3\sqrt{5}$ ঘ $-3\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a^2-\frac{1}{a^2}=\sqrt{\left(a^2+\frac{1}{a^2}\right)^2-4a^2.\frac{1}{a^2}}$

$=\sqrt{7^2-4}=\sqrt{45}=3\sqrt{5}$

■ নিচের তথ্যের আলোকে ৯৮ ও ৯৯ নং প্রশ্নের উত্তর দাও.: [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা]

$y=\sqrt{6}+\sqrt{5}$

৯৮. $\frac{1}{y}$ এর মান কত?

ক $2(\sqrt{6}+\sqrt{5})$ খ $(\sqrt{6}-\sqrt{5})$

গ $2\sqrt{6}+3\sqrt{5}$ ঘ $2\sqrt{6}-3\sqrt{5}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : দেওয়া আছে, $y=\sqrt{6}+\sqrt{5}$

বা, $\frac{1}{y}=\frac{1}{\sqrt{6}+\sqrt{5}}=\frac{\sqrt{6}-\sqrt{5}}{(\sqrt{6}+\sqrt{5})(\sqrt{6}-\sqrt{5})}$

$=\frac{\sqrt{6}-\sqrt{5}}{(\sqrt{6})^2-(\sqrt{5})^2}=\frac{\sqrt{6}-\sqrt{5}}{6-5}=\sqrt{6}-\sqrt{5}$

৯৯. y^2 এর মান কত?

ক $11+\sqrt{30}$ খ $11-\sqrt{30}$

গ $11+2\sqrt{30}$ ঘ $11-2\sqrt{30}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $y^2=(\sqrt{6}+\sqrt{5})^2$

$=(\sqrt{6})^2+2\cdot\sqrt{6}\cdot\sqrt{5}+(\sqrt{5})^2$

$=6+2\sqrt{30}+5=11+2\sqrt{30}.$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

৮৯	ঘ	৯০	গ	৯১	খ	৯২	ক	৯৩	ক	৯৪	খ	৯৫	গ	৯৬	খ	৯৭	গ	৯৮	খ	৯৯	গ

www.abswer.com

www.abswer.com

■ নিচের তথ্যের আলোকে ১০০ ও ১০১ নং প্রশ্নের উত্তর দাও :

$x^2 = 5 + 2\sqrt{6}$ [এ. কে. হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা; ফরিদপুর জিলা স্কুল, ফরিদপুর]

১০০. $x + \frac{1}{x}$ এর মান কত?

ক $2\sqrt{3}$ খ $2\sqrt{2}$

গ $\sqrt{3}$ ঘ $\sqrt{2}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2 = 5 + 2\sqrt{6}$

বা, $x^2 = (\sqrt{3})^2 + 2.\sqrt{3}\sqrt{2} + (\sqrt{2})^2$

বা, $x^2 = (\sqrt{3} + \sqrt{2})^2$

বা, $x = \sqrt{3} + \sqrt{2}$

$\frac{1}{x} = \frac{1}{\sqrt{3}+\sqrt{2}} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{\sqrt{(3)^2}-(\sqrt{2})^2} = \sqrt{3} - \sqrt{2}$

$x + \frac{1}{x} = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2} = 2\sqrt{3}.$

১০১. $x - \frac{1}{x}$ এর মান কত?

ক $2\sqrt{2}$ খ $18\sqrt{3}$

গ $22\sqrt{2}$ ঘ $30\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x - \frac{1}{x} = \sqrt{3} + \sqrt{2} - \sqrt{3} + \sqrt{2} = 2\sqrt{2}.$

■ উদ্দীপকটি পড়ে ১০২ ও ১০৩ নং প্রশ্নের উত্তর দাও :

$x = \sqrt{7 - 4\sqrt{3}}$ [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]

১০২. $\frac{1}{x}$ এর মান কত?

ক $2 - \sqrt{3}$ খ $2 + \sqrt{3}$

গ $3 - \sqrt{2}$ ঘ $3 + \sqrt{2}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x = \sqrt{7 - 4\sqrt{3}}$

$= \sqrt{(2)^2 - 2.2\sqrt{3} + (\sqrt{3}^2)} = \sqrt{(2-\sqrt{3})^2} = 2 - \sqrt{2}$

$\therefore \frac{1}{x} = \frac{2+\sqrt{3}}{(2-\sqrt{3})(2+\sqrt{3})} = \frac{2+\sqrt{3}}{4-3} = 2 + \sqrt{3}.$

১০৩. $x + \frac{1}{x}$ = কত?

ক $2\sqrt{3}$ খ $-2\sqrt{3}$

গ 4 ঘ -4

■ যদি $a = \sqrt{3} + \sqrt{2}$ হয়, তবে ১০৪ ও ১০৫ নং প্রশ্নের উত্তর দাও : [আমাণী স্কুল এন্ড কলেজ, আজিমপুর, ঢাকা]

১০৪. $\frac{1}{a}$ এর মান কত?

ক $\frac{1}{\sqrt{3}-\sqrt{2}}$ খ $\sqrt{3} - \sqrt{2}$

গ $\sqrt{2} - \sqrt{3}$ ঘ $2\sqrt{3}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $a = \sqrt{3} + \sqrt{2}$

$\frac{1}{a} = \frac{1}{\sqrt{3}+\sqrt{2}} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2} = \sqrt{3} - \sqrt{2}.$

১০৫. $a + \frac{1}{a}$ এর মান কোনটি?

ক $3\sqrt{3}$ খ $2\sqrt{3}$

গ $-2\sqrt{3}$ ঘ $-3\sqrt{3}$

■ নিচের তথ্যের আলোকে ১০৬ ও ১০৭ নং প্রশ্নের উত্তর দাও :

$x - 5 - 2\sqrt{6} = 0$ [মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর]

১০৬. $\sqrt{x} - \frac{1}{\sqrt{x}}$ এর মান কত?

ক 6 খ $3\sqrt{2}$

গ $2\sqrt{2}$ ঘ $2\sqrt{3}$

১০৭. $\sqrt{x}$ এর মান কোনটি?

ক $\sqrt{3} + 2$ খ $3 + \sqrt{2}$

গ $\sqrt{3} + \sqrt{2}$ ঘ $\sqrt{3 + \sqrt{2}}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x - 5 - 2\sqrt{6} = 0$

বা, $x = 5 + 2\sqrt{6} = (\sqrt{3})^2 + 2.\sqrt{3}.\sqrt{2} + (\sqrt{2})^2 = (\sqrt{3} + \sqrt{2})^2$

$\therefore \sqrt{x} = \sqrt{3} + \sqrt{2}$

■ নিচের তথ্যের আলোকে ১০৮ ও ১০৯ নং প্রশ্নের উত্তর দাও :

$x^4 - 5x^2 + 1 = 0$ হলে [ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা]

১০৮. $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

ক 5 খ 4

গ 3 ঘ 2

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^4 - 5x^2 + 1 = 0$

বা, $x^4 + 1 = 5x^2$ বা, $x^2 + \frac{1}{x^2} = 5.$

১০৯. $\left(x - \frac{1}{x}\right)^2$ এর মান কত?

ক 4 খ 3

গ 2 ঘ 1

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2 + \frac{1}{x^2} = 5$

বা, $\left(x - \frac{1}{x}\right)^2 + 2x\frac{1}{x} = 5$ বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = 5 - 2$ বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = 3.$

■ উদ্দীপকটি পড়ে ১১০ ও ১১১ নং প্রশ্নের উত্তর দাও :

$x^4 - x^2 + 1 = 0$ একটি বীজগাণিতিক সমীকরণ।

[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

১১০. $\left(x - \frac{1}{x}\right)^4$ এর মান নিচের কোনটি?

ক 4 খ 3

গ 2 ঘ 1

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^4 - x^2 + 1 = 0$

বা, $x^4 + 1 = x^2$

বা, $x^2 + \frac{1}{x^2} = 1$

$\therefore \left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x} = 1$

বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = -1 \therefore \left(x - \frac{1}{x}\right)^4 = 1.$

১১১. $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

ক 3 খ 2

গ 1 ঘ 0

■ উদ্দীপকটি পড়ে ১১২ ও ১১৩ নং প্রশ্নের উত্তর দাও :

$P = \sqrt{7} + \sqrt{6}$ হলে— [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]

১১২. $\frac{1}{p}$ = কত?

ক $2(\sqrt{7} - \sqrt{6})$ খ $\sqrt{7} - \sqrt{6}$

গ $2\sqrt{7}$ ঘ $2\sqrt{6}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $p = \sqrt{7} + \sqrt{6}$

$\frac{1}{p} = \frac{1}{\sqrt{7}+\sqrt{6}} = \frac{(\sqrt{7}-\sqrt{6})}{(\sqrt{7})^2-(\sqrt{6})^2} = \frac{\sqrt{7}-\sqrt{6}}{1} = \sqrt{7} - \sqrt{6}.$

১১৩. p^2 এর মান কত?

ক 13 খ $13 + 2\sqrt{42}$

গ $13 + \sqrt{42}$ ঘ $13 - 2\sqrt{42}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $p^2 = (\sqrt{7} + \sqrt{6})^2$

$= (\sqrt{7})^2 + (\sqrt{6})^2 + 2\sqrt{7}\sqrt{6}$

$= 7 + 6 + 2\sqrt{42} = 13 + 2\sqrt{42}.$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১০০	ক	১০১	ক	১০২	খ	১০৩	গ	১০৪	খ	১০৫	খ	১০৬	গ	১০৭	গ	১০৮	ক	১০৯	খ	১১০	ঘ	১১১	গ	১১২	খ	১১৩	ঘ

www.abswer.com

www.abswer.com

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১১৪. $a^2 = 5 + 2\sqrt{6}$ হলে, $a = ?$ (মধ্যমান)

ক $\sqrt{3} - \sqrt{2}$ খ $\sqrt{3} + \sqrt{2}$
গ $\sqrt{6} - \sqrt{5}$ ঘ $\sqrt{6} + \sqrt{5}$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $a^2 = 5 + 2\sqrt{6}$
$= 3 + 2\sqrt{6} + 2 = (\sqrt{3})^2 + 2.\sqrt{3}.\sqrt{2} + (\sqrt{2})^2 = (\sqrt{3} + \sqrt{2})^2$
$\therefore a = \sqrt{3} + \sqrt{2}$

১১৫. $a^2 + b^2$ এর সাথে $-2ab$ যোগ করলে কী পাওয়া যায়? (কঠিনমান)

ক একটি ঋণাত্মক সংখ্যা খ একটি পূর্ণবর্গ
গ একটি পূর্ণ ঘন ঘ একটি পূর্ণ বর্গমূল

▶▶ তথ্য/ব্যাখ্যা : $a^2 + b^2 + (-2ab) = a^2 - 2ab + b^2 = (a - b)^2$; যা পূর্ণবর্গ।

১১৬. $x + \frac{1}{x} = 2$ হলে, x এর মান কত? (সহজমান)

ক -1 খ 1
গ $\frac{1}{2}$ ঘ 2

▶▶ তথ্য/ব্যাখ্যা : $x + \frac{1}{x} = 2$.
বা, $x^2 + 1 = 2x$ বা, $x^2 - 2x + 1 = 0$ বা, $(x - 1)^2 = 0 \therefore x = 1, 1$.

১১৭. যদি $a < b$ হয়, তবে a ও b এর অন্তরফলের গাণিতিক প্রকাশ কোনটি? (মধ্যমান)

ক $(a - b)$ খ $(b - a)$
গ উভয়ই ঘ কোনটিই না

▶▶ তথ্য/ব্যাখ্যা : a ছোট। অতএব গাণিতিক প্রকাশ $(b - a)$.

১১৮. $(7x - 4)(7x + 5) =$ কত? (সহজমান)

ক $49x^2 - 20$ খ $49x^2 - x - 20$
গ $49x^2 - 7x - 35$ ঘ $49x^2 + 7x - 20$

▶▶ তথ্য/ব্যাখ্যা : $(7x - 4)(7x + 5) = (7x)^2 + 35x - 28x - 20$
৩৩. $f(x)$-এর একটি উৎপাদক নিচের কোনটি? (সহজমান)
ক x^3+1 খ $x+1$
গ $x-1$ ঘ x^2-1
▶▶ তথ্য/ব্যাখ্যা : $f(x)=x^3+x^2+x+1$
$=x^2(x+1)+1(x+1)=(x+1)(x^2+1)$
$\therefore f(x)$ এর একটি উৎপাদক $(x+1)$.

৩৪. $f(x)$ কে $(x+3)$ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত? (মধ্যমান)
ক 20 খ 10
গ -20 ঘ 10
▶▶ তথ্য/ব্যাখ্যা : $f(x)=x^3+x^2+x+1$
$\therefore f(-3)=(-3)^3+(-3)^2+(-3)+1$
$=-27+9-3+1=-30+10=-20$

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১৫	ক	১৬	ঘ	১৭	ঘ	১৮	খ	১৯	গ	২০	ঘ	২১	ঘ	২২	খ	২৩	ঘ	২৪	খ
২৫	খ	২৬	ঘ	২৭	গ	২৮	গ	২৯	ক	৩০	ঘ	৩১	ক	৩২	খ	৩৩	খ	৩৪	গ

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ CREATIVE SECTION

প্রিয় শিক্ষার্থী, সৃজনশীল অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্ন ও সমাধানের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্ন, মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন, অনুশীলনমূলক কাজ নির্ভর এবং সমন্বিত অধ্যায়ের প্রশ্ন ও সমাধান সংযোজন করা হয়েছে।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও সমাধান — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

প্রশ্ন ১ ▸ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

$P(a) = a^4 - 4a^3 + 5a^2 + 11ak + 6k$ এবং $Q(x) = \frac{1 - 3x^2 + x^3}{x(1-x)}$.

ক. $f(x) = x^2 - 7x + 12$ হলে, x-এর কোন মানের জন্য $f(x) = 0$ হবে? ২

খ. k-এর কোন মানের জন্য $P(-1) = 0$ হবে? ৪

গ. প্রমাণ কর যে, $Q\left(\frac{1}{m}\right) = Q(1-m)$. ৪

১নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = x^2 - 7x + 12$

প্রশ্নমতে, $f(x) = 0$

বা, $x^2 - 7x + 12 = 0$

বা, $x^2 - 4x - 3x + 12 = 0$

বা, $x(x-4) - 3(x-4) = 0$

বা, $(x-3)(x-4) = 0$

হয় $x - 3 = 0$ | অথবা, $x - 4 = 0$

$\therefore x = 3$ | $\therefore x = 4$

$\therefore x = 3$ অথবা, $x = 4$ এর জন্য $f(x) = 0$ হবে।

খ দেওয়া আছে, $P(a) = a^4 - 4a^3 + 5a^2 + 11ak + 6k$

$\therefore P(-1) = (-1)^4 - 4(-1)^3 + 5(-1)^2 + 11(-1)k + 6k$

$= 1 + 4 + 5 - 11k + 6k = 10 - 5k$

প্রশ্নমতে, $P(-1) = 0$

বা, $10 - 5k = 0$

বা, $5k = 10$

বা, $k = \frac{10}{5} = 2$

$\therefore k = 2$ এর জন্য $P(-1) = 0$ হবে।

গ দেওয়া আছে, $Q(x) = \frac{1 - 3x^2 + x^3}{x(1-x)}$

$$Q\left(\frac{1}{m}\right) = \frac{1 - 3\left(\frac{1}{m}\right)^2 + \left(\frac{1}{m}\right)^3}{\frac{1}{m}\left(1 - \frac{1}{m}\right)} = \frac{1 - 3\frac{1}{m^2} + \frac{1}{m^3}}{\frac{1}{m} - \frac{1}{m^2}}$$

$$= \frac{\frac{m^3 - 3m + 1}{m^3}}{\frac{m-1}{m^2}} = \frac{m^3 - 3m + 1}{m^3} \times \frac{m^2}{m-1} = \frac{m^3 - 3m + 1}{m(m-1)}$$

আবার, $Q(1-m) = \frac{1 - 3(1-m)^2 + (1-m)^3}{(1-m)\{1-(1-m)\}}$

$= \frac{1 - 3(1 - 2m + m^2) + (1 - 3m + 3m^2 - m^3)}{(1-m)(1-1+m)}$

$= \frac{1 - 3 + 6m - 3m^2 + 1 - 3m + 3m^2 - m^3}{m(1-m)}$

$= \frac{-1 + 3m - m^3}{m(1-m)} = \frac{-(m^3 - 3m + 1)}{-m(m-1)} = \frac{m^3 - 3m + 1}{m(m-1)}$

$\therefore Q\left(\frac{1}{m}\right) = Q(1-m)$. (প্রমাণিত)

প্রশ্ন ২ ▸ ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

$a = 2x + \frac{1}{x}$ এবং $a \in R$.

ক. $a = 3$ হলে, $4x^2 + \frac{1}{x^2}$ এর মান নির্ণয় কর। ২

খ. $a = 4$ হলে, $2x^3 + \frac{1}{4x^3}$ এর মান নির্ণয় কর। ৪

গ. $a^3 - 12a = 65$ হলে, প্রমাণ কর যে, $2x^2 - 5x + 1 = 0$. ৪

২নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $a = 2x + \frac{1}{x}$ এবং $a = 3$ $\therefore 2x + \frac{1}{x} = 3$

প্রদত্ত রাশি $= 4x^2 + \frac{1}{x^2} = \left(2x + \frac{1}{x}\right)^2 - 2 \cdot 2x \cdot \frac{1}{x} = 3^2 - 4 = 9 - 4 = 5$

নির্ণেয় মান 5.

খ দেওয়া আছে, $a = 2x + \frac{1}{x}$ এবং $a \in R$

এখন, $2x + \frac{1}{x} = 4$ (দেওয়া আছে)

বা, $\left(2x + \frac{1}{x}\right)^3 = (4)^3$ [বর্গ করে]

বা, $8x^3 + \frac{1}{x^3} + 3 \cdot 2x \cdot \frac{1}{x} \cdot \left(2x + \frac{1}{x}\right) = 64$

বা, $8x^3 + \frac{1}{x^3} + 6 \times 4 = 64$

বা, $8x^3 + \frac{1}{x^3} = 64 - 24 = 40$

বা, $4\left(2x^3 + \frac{1}{4x^3}\right) = 4 \times 10$

$\therefore 2x^3 + \frac{1}{4x^3} = 10$

নির্ণেয় মান 10.

গ দেওয়া আছে, $a = 2x + \frac{1}{x}$ এবং $a \in R$

আবার, $a^3 - 12a = 65$

এখন, $a^3 - 12a - 65 = 0$ ..... (i)

ধরি, $f(a) = a^3 - 12a - 65$

$a = 5$ হলে, $f(5) = 5^3 - 12 \times 5 - 65 = 0$

$\therefore (a-5)$, $f(a)$ এর একটি উৎপাদক।

প্রদত্ত রাশি $= a^3 - 12a - 65$

$= a^3 - 5a^2 + 5a^2 - 25a + 13a - 65$

$= a^2(a-5) + 5a(a-5) + 13(a-5)$

$= (a-5)(a^2 + 5a + 13)$

(i) থেকে পাই, $(a-5)(a^2 + 5a + 13) = 0$

হয়, $a - 5 = 0$

বা, $a = 5$

বা, $2x + \frac{1}{x} = 5$

বা, $2x^2 + 1 = 5x$

$\therefore 2x^2 - 5x + 1 = 0$. (প্রমাণিত)

অথবা, $a^2 + 5a + 13 = 0$

$a = \frac{-5 \pm \sqrt{25 - 4 \times 1 \times 13}}{2 \cdot 1}$

$\therefore a = \frac{-5 \pm \sqrt{-27}}{2}$

যা গ্রহণযোগ্য নয়।

www.abswer.com

www.abswer.com

মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান — শিখনফলের ধারায় প্রণীত

অধ্যায় ৩

শিখনফল ২ : ভাগশেষ উপপাদ্য কী ব্যাখ্যা করতে পারব এবং তা প্রয়োগ করে উৎপাদকে বিশ্লেষণ করতে পারব।

প্রশ্ন ৩ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ২-এর আলোকে প্রণীত

$f(x) = x^3 + 6x^2 + 11x + 6$ এবং $g(x) = x^3 + 3x + 36$.

ক. $(x + 1)$, $f(x)$ এর একটি উৎপাদক কী না নির্ণয় কর। ২
খ. $f(x)$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ৪
গ. $g(x)$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ৪

৩নং প্রশ্নের সমাধান

ক এখানে, $f(x) = x^3 + 6x^2 + 11x + 6$

$\therefore f(-1) = (-1)^3 + 6.(-1)^2 + 11.(-1) + 6$
$= -1 + 6 - 11 + 6$
$= 12 - 12$
$= 0$

$\therefore x - (-1) = x + 1$

অর্থাৎ $(x + 1)$, $f(x)$ এর একটি উৎপাদক।

খ ক-হতে প্রাপ্ত, $(x + 1)$, $f(x)$ এর একটি উৎপাদক।

এখন, $f(x) = x^3 + 6x^2 + 11x + 6$
$= x^3 + x^2 + 5x^2 + 5x + 6x + 6$
$= x^2(x + 1) + 5x(x + 1) + 6(x + 1)$
$= (x + 1)(x^2 + 5x + 6)$
$= (x + 1)(x^2 + 3x + 2x + 6)$
$= (x + 1)\{x(x + 3) + 2(x + 3)\}$
$= (x + 1)(x + 3)(x + 2)$
$= (x + 1)(x + 2)(x + 3)$

গ এখানে, $g(x) = x^3 + 3x + 36$

$\therefore g(-3) = (-3)^3 + 3.(-3) + 36$
$= -27 - 9 + 36$
$= -36 + 36$
$= 0$

$\therefore x - (-3) = x + 3$

অর্থাৎ $(x + 3)$, $g(x)$ এর একটি উৎপাদক।

এখন, $g(x) = x^3 + 3x + 36$
$= x^3 + 3x^2 - 3x^2 - 9x + 12x + 36$
$= x^2(x + 3) - 3x(x + 3) + 12(x + 3)$
$= (x + 3)(x^2 - 3x + 12)$.

প্রশ্ন ৪ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ২-এর আলোকে প্রণীত

$f(x) = x^3 - 3xy^2 + 2y^3$ একটি বীজগণিতীয় রাশি।

ক. উৎপাদক উপপাদ্যটি লিখ এবং $f(y)$ এর মান নির্ণয় কর। ২
খ. দেখাও যে, $(x - y)$ ও $(x + 2y)$ দ্বারা $f(x)$ বিভাজ্য। ৪
গ. রাশিটির সাথে $3xy^2 - 11y^3 + (x + y)^3$ যোগ করে প্রাপ্ত বহুপদীকে উৎপাদকে বিশ্লেষণ কর। ৪

[পাঠ্যবইয়ের অনুশীলনী ৩.৩ এর ২১নং এর আলোকে]

৪নং প্রশ্নের সমাধান

ক **উৎপাদক উপপাদ্য :** কোনো বহুপদী $f(x)$, $(x - a)$ দ্বারা বিভাজ্য হবে যদি ও কেবল যদি $f(a) = 0$ হয়।

দেওয়া আছে, $f(x) = x^3 - 3xy^2 + 2y^3$

$\therefore f(y) = y^3 - 3y \cdot y^2 + 2y^3$
$= 3y^3 - 3y^3 = 0$

খ দেওয়া আছে, $f(x) = x^3 - 3xy^2 + 2y^3$

এখন, $f(x)$, $(x - y)$ ও $(x + 2y)$ দ্বারা বিভাজ্য হবে যদি ও কেবল যদি $f(y) = 0$ এবং $f(-2y) = 0$ হয়।

$\therefore f(y) = y^3 - 3y \cdot y^2 + 2y^3$
$= 3y^3 - 3y^3 = 0$

$\therefore (x - y)$ দ্বারা $f(x)$ বিভাজ্য।

আবার, $f(-2y) = (-2y)^3 - 3(-2y) \cdot y^2 + 2y^3$
$= -8y^3 + 6y^3 + 2y^3$
$= -8y^3 + 8y^3$
$= 0$

$\therefore (x + 2y)$ দ্বারা $f(x)$ বিভাজ্য।

অতএব, $(x - y)$ ও $(x + 2y)$ দ্বারা $f(x)$ বিভাজ্য। (দেখানো হলো)

গ রাশিটির সাথে $3xy^2 - 11y^3 + (x + y)^3$ যোগ করে পাই,

$= x^3 - 3xy^2 + 2y^3 + \{3xy^2 - 11y^3 + (x + y)^3\}$
$= x^3 - 9y^3 + (x + y)^3$
$= x^3 - y^3 + (x + y)^3 - 8y^3$
$= (x - y)(x^2 + xy + y^2) + (x + y)^3 - (2y)^3$
$= (x - y)(x^2 + xy + y^2) + (x + y - 2y)\{(x + y)^2 + (x + y)2y + (2y)^2\}$
$= (x - y)(x^2 + xy + y^2) + (x - y)(x^2 + 2xy + y^2 + 2xy + 2y^2 + 4y^2)$
$= (x - y)(x^2 + xy + y^2 + x^2 + 4xy + 7y^2)$
$= (x - y)(2x^2 + 5xy + 8y^2)$

প্রশ্ন ৫ ▸ পাঠ্যবইয়ের শিখনফল ২-এর আলোকে প্রণীত

x চলকের একটি বহুপদী $7x^3 - 8x^2 + 6x - 36$.

ক. $P(0)$, $P(-2)$ নির্ণয় কর। ২
খ. বহুপদীটিকে $(x - 1)$ দ্বারা ভাগ করলে যে ভাগশেষ থাকে তা ভাগশেষ উপপাদ্যের সাহায্যে নির্ণয় কর। ৪
গ. দেখাও যে, $(x - 2)$ বহুপদীর একটি উৎপাদক। ৪

৫নং প্রশ্নের সমাধান

ক মনে করি, $P(x) = 7x^3 - 8x^2 + 6x - 36$

$\therefore P(0) = 7.0 - 8.0 + 6.0 - 36 = -36.$

$\therefore P(-2) = 7.(-2)^3 - 8.(-2)^2 + 6.(-2) - 36$
$= 7.(-8) - 8.4 + 6.(-2) - 36$
$= -56 - 32 - 12 - 36$
$= -136.$

খ আমরা জানি, ভাগশেষ উপপাদ্য অনুযায়ী কোন বহুপদী $P(x)$ কে $(x - a)$ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে $P(a)$.

$\therefore$ $P(x)$ কে $(x - 1)$ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে $P(1)$.

$\therefore P(1) = 7.1^3 - 8.1^2 + 6.1 - 36$
$= 7 - 8 + 6 - 36$
$= 13 - 44$
$= -31.$

গ $(x - 2)$ প্রদত্ত বহুপদীর একটি উৎপাদক হবে যদি $P(2) = 0$ হয়

$\therefore P(2) = 7(2)^3 - 8(2)^2 + 6.2 - 36$
$= 7.8 - 8.4 + 6.2 - 36$
$= 56 - 32 + 12 - 36$
$= 68 - 68 = 0$

$\therefore$ $(x - 2)$ উক্ত বহুপদীর একটি উৎপাদক। (দেখানো হলো)

www.abswer.com

www.abswer.com

সমন্বিত অধ্যায় ও অনুশীলনমূলক কাজ নির্ভর সৃজনশীল প্রশ্ন ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

প্রশ্ন ৬ ▸ অনুশীলনী ২.২ ও ৩.৪ এর সমন্বয়ে প্রণীত

$f(x) = x^3 + kx^2 - 5x - 6$

ক. $f(-1)$ এর মান নির্ণয় করো। ২

খ. k এর কোন মানের জন্য $f(-3) = 0$ হবে? ৪

গ. প্রাপ্ত k এর মান বসিয়ে $f(x)$ কে উৎপাদকে বিশ্লেষণ করো। ৪

৬নং প্রশ্নের সমাধান

ক $f(x) = x^3 + kx^2 - 5x - 6$

$\therefore f(-1) = (-1)^3 + k(-1)^2 - 5.(-1) - 6$
$= -1 + k + 5 - 6 = k - 2$

খ এখানে, $f(x) = x^3 + kx^2 - 5x - 6$

$\therefore f(-3) = (-3)^3 + k(-3)^2 - 5.(-3) - 6$
$= -27 + 9k + 15 - 6 = 9k - 18$

শর্তমতে, $f(-3) = 0$

বা, $9k - 18 = 0$

বা, $9k = 18$

বা, $k = \frac{18}{9} = 2$

$\therefore$ $k = 2$ এর জন্য $f(-3) = 0$ হবে।

গ খ-হতে প্রাপ্ত, $k = 2$

এখন, $f(x) = x^3 + kx^2 - 5x - 6 = x^3 + 2x^2 - 5x - 6$

এখানে, $f(-1) = (-1)^3 + 2(-1)^2 - 5(-1) - 6$
$= -1 + 2 \times 1 + 5 - 6$
$= -1 + 2 + 5 - 6 = 7 - 7 = 0$

$\therefore$ $(x + 1)$ প্রদত্ত রাশির একটি সাধারণ উৎপাদক।

এখন, $x^3 + 2x^2 - 5x - 6 = x^3 + x^2 + x^2 + x - 6x - 6$
$= x^2(x + 1) + x(x + 1) - 6(x + 1)$
$= (x + 1)(x^2 + x - 6)$
$= (x + 1)(x^2 - 2x + 3x - 6)$
$= (x + 1)\{x(x - 2) + 3(x - 2)\}$
$= (x + 1)(x - 2)(x + 3)$

নির্ণেয় উৎপাদক $(x + 1)(x - 2)(x + 3)$.

প্রশ্ন ৭ ▸ পাঠ্যবইয়ের ৬৩ পৃষ্ঠার কাজের আলোকে প্রণীত

$x^3 - 21x - 20$ ও $2x^3 - 3x^2 + 3x - 1$ দুইটি রাশি।

ক. $x = -1$ হলে প্রথম রাশির মান কত? ২

খ. প্রথম রাশিকে উৎপাদকে বিশ্লেষণ কর। ৪

গ. দ্বিতীয় রাশিকে উৎপাদকে বিশ্লেষণ কর। ৪

৭নং প্রশ্নের সমাধান

ক এখানে, $x = -1$

$\therefore x^3 - 21x - 20 = (-1)^3 - 21.(-1) - 20 = -1 + 21 - 20 = 0$

নির্ণেয় প্রথম রাশির মান 0।

খ প্রদত্ত রাশি $= x^3 - 21x - 20$

মনে করি, $f(x) = x^3 - 21x - 20$

এখানে, $f(-1) = (-1)^3 - 21.(-1) - 20 = -1 + 21 - 20 = 21 - 21 = 0$

$\therefore$ $x - (-1) = (x + 1)$

অর্থাৎ $(x + 1)$, $f(x)$ এর একটি উৎপাদক।

এখন, $x^3 - 21x - 20 = x^3 + x^2 - x^2 - x - 20x - 20$
$= x^2(x + 1) - x(x + 1) - 20(x + 1)$
$= (x + 1)(x^2 - x - 20)$
$= (x + 1)(x^2 - 5x + 4x - 20)$
$= (x + 1)\{x(x - 5) + 4(x - 5)\}$
$= (x + 1)(x - 5)(x + 4)$

গ প্রদত্ত রাশি $= 2x^3 - 3x^2 + 3x - 1$

মনে করি, $f(x) = 2x^3 - 3x^2 + 3x - 1$

এখানে, $f\left(\frac{1}{2}\right) = 2.\left(\frac{1}{2}\right)^3 - 3.\left(\frac{1}{2}\right)^2 + 3.\left(\frac{1}{2}\right) - 1$

$= \frac{2}{8} - \frac{3}{4} + \frac{3}{2} - 1 = \frac{1}{4} - \frac{3}{4} + \frac{3}{2} - 1 = \frac{1 - 3 + 6 - 4}{4} = \frac{7 - 7}{4} = 0$

$\therefore$ $x - \left(\frac{1}{2}\right) = x - \frac{1}{2} = \frac{1}{2}(2x - 1)$

অর্থাৎ $(2x - 1)$, $f(x)$ এর একটি উৎপাদক।

এখন, $2x^3 - 3x^2 + 3x - 1 = 2x^3 - x^2 - 2x^2 + x + 2x - 1$
$= x^2(2x - 1) - x(2x - 1) + 1(2x - 1)$
$= (2x - 1)(x^2 - x + 1)$

অনুশীলনমূলক কাজ অংশ — Practice Activities Section

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ের এ অধ্যায়ে অনুশীলনমূলক কাজ (একক ও দলগত) দেওয়া আছে। কাজগুলোর পূর্ণাঙ্গ সমাধান পাঠ্যবইয়ের পৃষ্ঠা নম্বর উল্লেখ করে নিচে প্রদত্ত হলো। তোমরা এ কাজগুলো একক বা দলগতভাবে সম্পাদন করে মূল্যায়নের জন্য শ্রেণি শিক্ষকের নিকট জমা দিবে।

অনুশীলনমূলক কাজ : ▸ পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৬৩

উৎপাদকে বিশ্লেষণ কর :

কাজ ক ▸ $x^2 - 21x - 20$

সমাধান : $x^3 - 21x - 20$
$= x^3 + x^2 - x^2 - x - 20x - 20 = x^2(x + 1) - x(x + 1) - 20(x + 1)$
$= (x + 1)(x^2 - x - 20) = (x + 1)(x^2 - 5x + 4x - 20)$
$= (x + 1)\{x(x - 5) + 4(x - 4)\} = (x + 1)(x - 5)(x + 4)$

কাজ খ ▸ $2x^3 - 3x^2 + 3x - 1$

সমাধান : মনে করি, $f(x) = 2x^3 - 3x^2 + 3x - 1$

$\therefore f\left(\frac{1}{2}\right) = 2\left(\frac{1}{2}\right)^3 - 3.\left(\frac{1}{2}\right)^2 + 3\left(\frac{1}{2}\right) - 1$

$= 2.\frac{1}{8} - 3.\frac{1}{4} + 3.\frac{1}{2} - 1 = \frac{1}{4} - \frac{3}{4} + \frac{3}{2} - 1 = \frac{1 - 3 + 6 - 4}{4} = \frac{7 - 7}{4} = \frac{0}{4} = 0$

$\therefore \left(x - \frac{1}{2}\right) = \frac{1}{2}(2x - 1)$

অর্থাৎ $(2x - 1)$, $f(x)$ এর একটি উৎপাদক।

এখন, $2x^3 - 3x^2 + 3x - 1$
$= 2x^3 - x^2 - 2x^2 + x + 2x - 1$
$= x^2(2x - 1) - x(2x - 1) + 1(2x - 1)$
$= (2x - 1)(x^2 - x + 1)$

কাজ গ ▸ $x^3 + 6x^2 + 11x + 6$

সমাধান : $x^3 + 6x^2 + 11x + 6$
$= x^2(x + 1) + 5x(x + 1) + 6(x + 1)$
$= (x + 1)(x^2 + 5x + 6)$
$= (x + 1)(x^2 + 3x + 2x + 6)$
$= (x + 1)\{x(x + 3) + 2(x + 3)\}$
$= (x + 1)(x + 2)(x + 3)$

www.abswer.com

www.abswer.com

অনুশীলনী ৩.৫
বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ

সাধারণ গাণিতিক অংশ — পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রিয় শিক্ষার্থী, পাঠ্যবইয়ে এ অধ্যায়ে অনুশীলনীতে বিভিন্ন ধরনের গাণিতিক প্রশ্ন দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের যথাযথ ও নির্ভুল সমাধান এ অংশে সংযোজন করা হলো। এসব প্রশ্ন ও সমাধানের অনুশীলন তোমাদের সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নোত্তরের ধারণা সমৃদ্ধকরণে সহায়তা করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১. $f(x) = x^2 - 4x + 4$ হলে, $f(2)$ এর মান নিচের কোনটি?

ক 4 খ 2
গ 1 ঘ 0

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, $f(x) = x^2 - 4x + 4$
$\therefore f(2) = (2)^2 - 4.2 + 4 = 4 - 8 + 4 = 8 - 8 = 0.$

২. $\frac{1}{2}\{(a+b)^2 - (a-b)^2\}$ এর মান নিচের কোনটি?

ক $2(a^2 + b^2)$ খ $a^2 + b^2$
গ $2ab$ ঘ $4ab$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $\frac{1}{2}\{(a+b)^2 - (a-b)^2\}$
$= \frac{1}{2} \cdot 4ab \left[\because 4ab = (a+b)^2 - (a-b)^2 \right] = 2ab.$

৩. $x + \frac{2}{x} = 3$ হলে, $x^3 + \frac{8}{x^3}$ এর মান কত?

ক 1 খ 8
গ 9 ঘ 16

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^3 + \frac{8}{x^3} = (x)^3 + \left(\frac{2}{x}\right)^3$
$= \left(x + \frac{2}{x}\right)^3 - 3 \cdot x \cdot \frac{2}{x}\left(x + \frac{2}{x}\right)$
$= (3)^3 - 6.3 = 27 - 18 = 9.$

৪. $p^4 + p^2 + 1$ এর উৎপাদকে বিশ্লেষায়িত রূপ নিচের কোনটি?

ক $(p^2 - p + 1)(p^2 + p - 1)$ খ $(p^2 - p - 1)(p^2 + p + 1)$
গ $(p^2 + p + 1)(p^2 + p + 1)$ ঘ $(p^2 + p + 1)(p^2 - p + 1)$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $p^4 + p^2 + 1 = (p^2)^2 + 2 \cdot p^2 \cdot 1 + (1)^2 - p^2$
$= (p^2 + 1)^2 - p^2$
$= (p^2 + p + 1)(p^2 - p + 1).$

৫. যদি $x = 2 - \sqrt{3}$ হয়, তবে x^2 এর মান কত?

ক 1 খ $7 - 4\sqrt{3}$
গ $2 + \sqrt{3}$ ঘ $\frac{1}{2 - \sqrt{3}}$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2 = (2 - \sqrt{3})^2 = 2^2 - 2.2.\sqrt{3} + (\sqrt{3})^2$
$= 4 - 4\sqrt{3} + 3 = 7 - 4\sqrt{3}.$

৬. $f(x) = x^2 - 5x + 6$ এবং $f(x) = 0$ হলে, $x =$ কত?

ক 2, 3 খ $-5, 1$
গ $-2, 3$ ঘ $1, -5$

▸▸ তথ্য/ব্যাখ্যা : যেহেতু $f(x) = x^2 - 5x + 6$ এবং $f(x) = 0$
$\therefore x^2 - 5x + 6 = 0$
বা, $x^2 - 3x - 2x + 6 = 0$
বা, $x(x-3) - 2(x-3) = 0$
বা, $(x-3)(x-2) = 0$
হয়, $x - 3 = 0$ অথবা, $x - 2 = 0$
$\therefore x = 3$ বা, $x = 2$

৭. $9x^2 + 16y^2$-এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ রাশি হবে?

ক $6xy$ খ $12xy$
গ $24xy$ ঘ $144xy$

▸▸ তথ্য/ব্যাখ্যা : $9x^2 + 16y^2 = (3x)^2 + (4y)^2$
$= (3x)^2 + (4y)^2 + 2.3x.4y - 24xy$
সুতরা, $9x^2 + 16y^2$-এর সাথে $24xy$ যোগ করলে যোগফল পূর্ণবর্গ রাশি হবে।

$x^4 - x^2 + 1 = 0$ হলে, নিচের ৮–১০নং প্রশ্নের উত্তর দাও :

৮. $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

ক 4 খ 2
গ 1 ঘ 0

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^4 - x^2 + 1 = 0$
বা, $\frac{x^4}{x^2} - \frac{x^2}{x^2} + \frac{1}{x^2} = 0$ বা, $x^2 - 1 + \frac{1}{x^2} = 0 \therefore x^2 + \frac{1}{x^2} = 1.$

৯. $\left(x + \frac{1}{x}\right)^2$ এর মান কত?

ক 4 খ 3
গ 2 ঘ 0

▸▸ তথ্য/ব্যাখ্যা : $x^2 + \frac{1}{x^2} = 1$
বা, $\left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x} = 1$
বা, $\left(x + \frac{1}{x}\right)^2 - 2 = 1$ বা, $\left(x + \frac{1}{x}\right)^2 = 1 + 2 \therefore \left(x + \frac{1}{x}\right)^2 = 3.$

১০. $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?

ক 3 খ 2
গ 1 ঘ 0

▸▸ তথ্য/ব্যাখ্যা : এখানে, $\left(x + \frac{1}{x}\right)^2 = 3$ বা, $x + \frac{1}{x} = \sqrt{3}$
$\therefore x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$
$= (\sqrt{3})^3 - 3.\sqrt{3} = 3\sqrt{3} - 3\sqrt{3} = 0.$

১১. $a^2 + b^2 = 9$ এবং $ab = 3$ হলে
i. $(a-b)^2 = 3$
ii. $(a+b)^2 = 15$
iii. $a^2 + b^2 + a^2b^2 = 18$
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা :
i. $(a-b)^2 = a^2 + b^2 - 2ab = 9 - 2 \times 3 = 9 - 6 = 3$
ii. $(a+b)^2 = a^2 + b^2 + 2ab = 9 - 2 \times 3 = 9 + 6 = 15$
iii. $a^2 + b^2 + a^2b^2 = 9 + (ab)^2 = 9 + 3^2 = 9 + 9 = 18$
সুতরাং i, ii ও iii তিনটিই সঠিক।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১	ঘ	২	গ	৩	গ	৪	ঘ	৫	খ	৬	ক	৭	গ	৮	গ	৯	খ	১০	ঘ	১১	ঘ

www.abswer.com

www.abswer.com

১২. $3a^5 - 6a^4 + 3a + 14$ একটি বীজগাণিতিক রাশি হলে–

i. রাশিটির চলক a

ii. রাশিটির মাত্রা 5

iii. a^4 এর সহগ 6

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : i. বীজগাণিতিক রাশিতে অজ্ঞাত রাশি বা অক্ষর প্রতীক হচ্ছে ঐ রাশির চলক। প্রদত্ত $3a^5 - 6a^4 + 3a + 14$ রাশিটিতে অক্ষর প্রতীক হচ্ছে a। ∴ রাশিটির চলক a।

ii. কোনো বীজগাণিতিক রাশির চলকের সর্বোচ্চ ঘাত হচ্ছে ঐ রাশির মাত্রা। প্রদত্ত রাশিটিতে চলক a এর সর্বোচ্চ ঘাত 5। ∴ রাশিটির মাত্রা 5

iii. বীজগাণিতিক রাশিতে কোনো পদের চলকের সাথে যে ধ্রুব সংখ্যা গুণ আকারে থাকে তা হচ্ছে ঐ চলকের সহগ।

এখানে, $3a^5 - 6a^4 + 3a + 14 = 3a^5 + (-6) \times a^4 + 3a + 14$

∴ প্রদত্ত রাশিটিতে a^4 এর সহগ -6।

সুতরাং i ও ii সঠিক।

১৩. $p^3 - \frac{1}{64}$ এর উৎপাদক–

i. $p - \frac{1}{4}$

ii. $p^2 + \frac{p}{4} + \frac{1}{8}$

iii. $p^2 + \frac{p}{4} + \frac{1}{16}$

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▸▸ তথ্য/ব্যাখ্যা : $p^3 - \frac{1}{64} = p^3 - \left(\frac{1}{4}\right)^3$

$= \left(p - \frac{1}{4}\right)\left(p^2 + p\cdot\frac{1}{4} + \frac{1}{4^2}\right) = \left(p - \frac{1}{p}\right)\left(p^2 + \frac{p}{4} + \frac{1}{16}\right)$

i. $\left(p - \frac{1}{4}\right)$, $p^3 - \frac{1}{64}$ এর একটি উৎপাদক

ii. $p^2 + \frac{p}{4} + \frac{1}{8}$, $p^3 - \frac{1}{64}$ এর উৎপাদক নয়।

iii. $p^2 + \frac{p}{4} + \frac{1}{16}$, $p^3 - \frac{1}{64}$ এর উৎপাদক

সুতরাং, i ও iii সঠিক।

উত্তরের শুদ্ধতা/ নির্ভুলতা যাচাই করো

১২	ক	১৩	খ

পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ১৪ ▸ ক একটি কাজ p দিনে করে এবং খ 2p দিনে করে। তারা একটি কাজ আরম্ভ করে এবং কয়েকদিন পর ক কাজটি অসমাপ্ত রেখে চলে গেল। বাকি কাজটুকু খ r দিনে শেষ করে। কাজটি কত দিনে শেষ হয়েছিল?

সমাধান :

খ 2p দিনে করে 1টি কাজ

∴ খ 1 " " $\frac{1}{2p}$ "

∴ খ r " " $\frac{r}{2p}$ "

∴ ক ও খ একত্রে কাজ করে $\left(1 - \frac{r}{2p}\right)$ অংশ $= \frac{2p - r}{2p}$ অংশ

আবার, ক p দিনে করে 1টি কাজ

∴ ক 1 " " $\frac{1}{p}$ "

∴ ক ও খ একত্রে 1 দিনে করে $\left(\frac{1}{p} + \frac{1}{2p}\right)$ অংশ কাজ

$= \frac{2+1}{2p}$ " "

$= \frac{3}{2p}$ " "

এখন, ক ও খ একত্রে $\frac{3}{2p}$ অংশ কাজ করে 1 দিনে

∴ ক ও খ " 1 " " " $1 \times \frac{2p}{3}$ "

∴ ক ও খ $\frac{2p - r}{2p}$ " " " $1 \times \frac{2p}{3} \times \frac{2p - r}{2p} = \frac{2p - r}{3}$ "

∴ মোট সময় লেগেছিল $= \left(\frac{2p - r}{3} + r\right)$ দিন

$= \frac{2p - r + 3r}{3} = \frac{2p + 2r}{3} = \frac{2(p + r)}{3}$ দিন

∴ কাজটি $\frac{2}{3}(p + r)$ দিনে শেষ হয়েছিল।

প্রশ্ন ১৫ ▸ দৈনিক 6 ঘণ্টা পরিশ্রম করে 10 জন লোক একটি কাজ 7 দিনে করতে পারে। দৈনিক কত ঘণ্টা পরিশ্রম করে 14 জনে 6 দিনে ঐ কাজটি করতে পারবে?

সমাধান : মনে করি, দৈনিক x ঘণ্টা পরিশ্রম করে 14 জনে 6 দিনে কাজটি করতে পারবে।

লোকের সংখ্যা	কার্যদিবস	কর্ম ঘণ্টা
10	7	6
14	6	x

১ম ক্ষেত্রে,

দৈনিক 1 ঘণ্টা পরিশ্রম করে 1 জনে 1 দিনে করে $\frac{1}{10 \times 7 \times 6}$ অংশ কাজ

২য় ক্ষেত্রে,

দৈনিক 1 ঘণ্টা পরিশ্রম করে 1 জনে 1 দিনে করে $\frac{1}{14 \times 6 \times x}$ অংশ কাজ করে

সুতরাং $\frac{1}{10 \times 7 \times 6} = \frac{1}{14 \times 6 \times x}$

বা, $14 \times 6 \times x = 10 \times 7 \times 6$

বা, $x = \frac{10 \times 7 \times 6}{14 \times 6}$

∴ $x = 5$

∴ দৈনিক 5 ঘণ্টা পরিশ্রম করে কাজটি করতে পারবে।

প্রশ্ন ১৬ ▸ মিতা একটি কাজ 10 দিনে করতে পারে। রিতা সে কাজ 15 দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?

সমাধান : মনে করি, তারা একত্রে d দিনে কাজটি শেষ করতে পারবে।

নাম	কাজ সম্পন্ন করার দিন	১ দিনে সম্পন্ন কাজ	d দিনে সম্পন্ন কাজ
মিতা	10	$\frac{1}{10}$	$\frac{d}{10}$
রিতা	15	$\frac{1}{15}$	$\frac{d}{15}$

প্রশ্নমতে, $\frac{d}{10} + \frac{d}{15} = 1$

বা, $\frac{3d + 2d}{30} = 1$

বা, $\frac{5d}{30} = 1$

বা, $d = \frac{30}{5}$

∴ $d = 6$

অতএব, তারা একত্রে 6 দিনে কাজটি শেষ করতে পারবে।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ১৭ ▸ বনভোজনে যাওয়ার জন্য 5700 টাকায় একটি বাস ভাড়া করা হলো এবং শর্ত হলো যে, প্রত্যেক যাত্রী সমান ভাড়া বহন করবে। 5 জন যাত্রী না যাওয়ায় মাথাপিছু ভাড়া 3 টাকা বৃদ্ধি পেল। বাসে কতজন যাত্রী গিয়েছিল?

সমাধান : মনে করি, আগ্রহী যাত্রী সংখ্যা x এবং জনপ্রতি বাস ভাড়া q টাকা হলে,

	যাত্রী সংখ্যা	জন প্রতি ভাড়া	মোট ভাড়া
আগ্রহী	x	q	qx
প্রকৃত	x − 5	q + 3	(q + 3) (x − 5)

প্রশ্নমতে, $qx = (q+3)(x-5) = 5700$

$qx = (q+3)(x-5)$ থেকে পাই,

$qx = qx - 5q + 3x - 15$

বা, $5q = 3(x-5)$

বা, $q = \frac{3}{5}(x-5)$

ফলে, $qx = 5700$ থেকে পাই, $\frac{3}{5}(x-5)x = 5700$

বা, $(x-5)x = 5700 \times \frac{5}{3} = 9500$

বা, $x^2 - 5x - 9500 = 0$

বা, $x^2 - 100x + 95x - 9500 = 0$

বা, $x(x-100) + 95(x-100) = 0$

বা, $(x-100)(x+95) = 0$

যেহেতু যাত্রী সংখ্যা x ধনাত্মক, সুতরাং $x + 95 \neq 0$.

অতএব, $x - 100 = 0$ অর্থাৎ $x = 100$

∴ প্রকৃত যাত্রী সংখ্যা $= (x-5) = 100 - 5 = 95$ জন।

∴ বাসে যাত্রী গিয়েছিল 95 জন।

প্রশ্ন ১৮ ▸ একজন মাঝি স্রোতের প্রতিকূলে p ঘণ্টায় d কি. মি. যেতে পারে। স্রোতের অনুকূলে ঐ পথ যেতে তার q ঘণ্টা লাগে। স্রোতের বেগ ও নৌকার বেগ কত?

সমাধান : মনে করি, নৌকার বেগ ঘণ্টায় b কি. মি. এবং স্রোতের বেগ ঘণ্টায় c কি. মি.। তাহলে, স্রোতের অনুকূলে নৌকার বেগ ঘণ্টায় (b + c) কি. মি.

এবং স্রোতের প্রতিকূলে নৌকার বেগ ঘণ্টায় (b − c) কি. মি.।

যেহেতু অতিক্রান্ত দূরত্ব = বেগ × সময়,

সুতরাং $d = (b-c)p$

এবং $d = (b+c)q$

তাহলে, $b + c = \frac{d}{q}$ ..... (1)

$b - c = \frac{d}{p}$ ..... (2)

(1) নং ও (2) নং সমীকরণ যোগ করে পাই,

$2b = \frac{d}{q} + \frac{d}{p} = d\left(\frac{1}{q} + \frac{1}{p}\right)$

বা, $b = \frac{d}{2}\left(\frac{1}{q} + \frac{1}{p}\right)$

(1) নং থেকে (2) নং সমীকরণ বিয়োগ করে পাই,

$2c = \frac{d}{q} - \frac{d}{p} = d\left(\frac{1}{q} - \frac{1}{p}\right)$

বা, $c = \frac{d}{2}\left(\frac{1}{q} - \frac{1}{p}\right)$

∴ স্রোতের বেগ ঘণ্টায় $\frac{d}{2}\left(\frac{1}{q} - \frac{1}{p}\right)$ কি. মি.

এবং নৌকার বেগ ঘণ্টায় $\frac{d}{2}\left(\frac{1}{q} + \frac{1}{p}\right)$ কি. মি.।

প্রশ্ন ১৯ ▸ একজন মাঝির দাঁড় বেয়ে 15 কি.মি. যেতে এবং সেখান থেকে ফিরে আসতে 4 ঘণ্টা সময় লাগে। সে স্রোতের অনুকূলে যতক্ষণে 5 কি.মি. যায়, স্রোতের প্রতিকূলে ততক্ষণে 3 কি.মি. যায়। দাঁড়ের বেগ ও স্রোতের বেগ নির্ণয় কর।

সমাধান : মনে করি, দাঁড়ের বেগ x কি.মি. / ঘণ্টা

এবং স্রোতের বেগ y কি.মি. / ঘণ্টা

তাহলে, স্রোতের অনুকূলে ও প্রতিকূলে দাঁড়ের কার্যকরী বেগ যথাক্রমে (x + y) ও (x − y) কি. মি./ঘণ্টা।

প্রশ্নমতে, $\frac{15}{x+y} + \frac{15}{x-y} = 4$ ..... (1)

এবং $\frac{5}{x+y} = \frac{3}{x-y}$ [যেহেতু সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}}$]

বা, $5x - 5y = 3x + 3y$

বা, $5x - 3x = 5y + 3y$

বা, $2x = 8y$

∴ $x = 4y$ ..... (2)

x-এর মান (1)নং সমীকরণে বসাই,

$\frac{15}{4y+y} + \frac{15}{4y-y} = 4$

বা, $\frac{15}{5y} + \frac{15}{3y} = 4$

বা, $\frac{3}{y} + \frac{5}{y} = 4$

বা, $\frac{3+5}{y} = 4$

বা, $4y = 8$

∴ $y = 2$

y এর মান (2) নং সমীকরণে বসিয়ে পাই, $x = 4.2 = 8$

সুতরাং দাঁড়ের বেগ 8 কি.মি./ঘণ্টা এবং স্রোতের বেগ 2 কি.মি./ঘণ্টা।

প্রশ্ন ২০ ▸ একটি চৌবাচ্চায় দুইটি নল সংযুক্ত আছে। প্রথম নল দ্বারা চৌবাচ্চাটি t_1 মিনিটে পূর্ণ হয় এবং দ্বিতীয় নল দ্বারা t_2 মিনিটে খালি হয়। নল দুইটি একত্রে খুলে দিলে খালি চৌবাচ্চাটি কতক্ষণে পূর্ণ হবে? (এখানে $t_2 > t_1$)

সমাধান : মনে করি, প্রথম নল দ্বারা প্রতি মিনিটে p লিটার পানি প্রবেশ করে ও দ্বিতীয় নল দ্বারা প্রতি মিনিটে q লিটার পানি বের হয় এবং চৌবাচ্চাটিতে মোট v লিটার পানি ধরে।

আরও মনে করি, নল দুইটি একত্রে খোলা থাকলে খালি চৌবাচ্চাটি m মিনিটে পূর্ণ হয়।

১ম নল দ্বারা t_1 মিনিটে খালি চৌবাচ্চা পূর্ণ হয়।

∴ $v = pt_1$ ..... (1)

২য় নল দ্বারা t_2 মিনিটে পূর্ণ চৌবাচ্চা খালি হয়।

∴ $0 = v - qt_2$

বা, $v = qt_2$ ..... (2)

দুইটি নল দ্বারা m মিনিটে খালি চৌবাচ্চা পূর্ণ হয়।

∴ $v = pm - qm$

বা, $v = (p-q)m$ ..... (3)

(1) নং থেকে, $p = \frac{v}{t_1}$ এবং (2) নং থেকে, $q = \frac{v}{t_2}$

∴ (3) নং থেকে, $v = \left(\frac{v}{t_1} - \frac{v}{t_2}\right)m$

বা, $1 = \left(\frac{1}{t_1} - \frac{1}{t_2}\right)m = \frac{t_2 - t_1}{t_1 t_2}m$

∴ $m = \frac{t_1 t_2}{t_2 - t_1}$

নির্ণেয় সময় $\frac{t_1 t_2}{t_2 - t_1}$ মিনিট।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ২১ ▸ একটি নল দ্বারা 12 মিনিটে একটি চৌবাচ্চা পূর্ণ হয়। অপর একটি নল দ্বারা 1 মিনিটে তা থেকে 15 লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় দুইটি নল একসঙ্গে খুলে দেওয়া হয় এবং চৌবাচ্চাটি 48 মিনিটে পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে?

সমাধান : মনে করি, প্রথম নল দ্বারা 1 মিনিটে x লিটার পানি প্রবেশ করে এবং চৌবাচ্চাটিতে মোট y লিটার পানি ধরে।

প্রশ্নমতে, প্রথম নল দ্বারা 12 মিনিটে খালি চৌবাচ্চাটি পূর্ণ হয়

$\therefore \quad y = 12x$ ..... (1)

আবার, দুইটি নল দ্বারা 48 মিনিটে খালি চৌবাচ্চা পূর্ণ হয়

$\therefore \quad y = 48x - 48 \times 15$ ..... (2)

সমীকরণ (1) থেকে পাই, $x = \frac{y}{12}$

x এর মান (2) নং সমীকরণে বসিয়ে পাই,

$$y = 48 \times \frac{y}{12} - 48 \times 15 = 4y - 48 \times 15$$

বা, $3y = 48 \times 15$

বা, $y = \frac{720}{3}$

$\therefore \quad y = 240$

সুতরাং, চৌবাচ্চাটিতে মোট 240 লিটার পানি ধরে।

প্রশ্ন ২২ ▸ ক, খ ও গ এর মধ্যে 260 টাকা এরূপে ভাগ করে দাও যেন ক এর অংশের 2 গুণ, খ এর অংশের 3 গুণ এবং গ এর অংশের 4 গুণ পরস্পর সমান হয়।

সমাধান : মনে করি, ক পায় x টাকা

খ পায় y টাকা

এবং গ পায় z টাকা

প্রশ্নমতে, $2x = 3y = 4z$

এখন, $3y = 2x$

$\therefore \quad y = \frac{2}{3}x$

এবং $4z = 2x$

$\therefore \quad z = \frac{1}{2}x$

প্রশ্নানুসারে, $x + y + z = 260$

বা, $x + \frac{2}{3}x + \frac{1}{2}x = 260$ [মান বসিয়ে]

বা, $\frac{6x + 4x + 3x}{6} = 260$

বা, $13x = 1560$

$\therefore \quad x = 120$

এখন, $y = \frac{2}{3} \times 120 = 80$

এবং $z = \frac{1}{2} \times 120 = 60$

সুতরাং ক পায় 120 টাকা, খ পায় 80 টাকা এবং গ পায় 60 টাকা।

প্রশ্ন ২৩ ▸ একটি দ্রব্য x% ক্ষতিতে বিক্রয় করলে যে মূল্য পাওয়া যায়, 3x% লাভে বিক্রয় করলে তার চেয়ে 18x টাকা বেশি পাওয়া যায়। দ্রব্যটির ক্রয়মূল্য কত ছিল?

সমাধান : আমরা জানি, $S = C(1 \pm r)$

x% ক্ষতিতে, $S = C\left(1 - \frac{x}{100}\right)$ টাকা

$= \frac{C(100 - x)}{100}$ টাকা

3x% লাভে, $S = C\left(1 + \frac{3x}{100}\right)$ টাকা $= \frac{C(100 + 3x)}{100}$ টাকা

যেখানে,
C = ক্রয়মূল্য
S = বিক্রয়মূল্য
r = লাভ/ক্ষতির হার

প্রশ্নানুসারে,

$$\frac{C(100 + 3x)}{100} - \frac{C(100 - x)}{100} = 18x$$

বা, $C\left(\frac{100 + 3x - 100 + x}{100}\right) = 18x$

বা, $C \times \frac{4x}{100} = 18x$

বা, $C = \frac{18x \times 100}{4x} = 450$

দ্রব্যটির ক্রয়মূল্য 450 টাকা।

প্রশ্ন ২৪ ▸ একটি কলম 11 টাকায় বিক্রয় করলে 10% লাভ হয়। কলমটির ক্রয়মূল্য কত?

সমাধান : মনে করি, কলমটির ক্রয়মূল্য x টাকা

$\therefore$ 10% লাভে কলমটির বিক্রয়মূল্য = x + x এর 10%

$= \left(x + x \times \frac{10}{100}\right)$ টাকা

$= \left(x + \frac{10x}{100}\right)$ টাকা

প্রশ্নমতে, $x + \frac{10x}{100} = 11$

বা, $x\left(1 + \frac{10}{100}\right) = 11$

বা, $x\left(1 + \frac{1}{10}\right) = 11$

বা, $x \times \frac{11}{10} = 11$

বা, $11x = 110$

বা, $x = \frac{110}{11}$

$\therefore \quad x = 10$

$\therefore$ কলমটির ক্রয়মূল্য 10 টাকা।

প্রশ্ন ২৫ ▸ একটি খাতা 36 টাকায় বিক্রয় করায় যত ক্ষতি হলো, 72 টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হতো, খাতাটির ক্রয়মূল্য কত?

সমাধান : মনে করি, খাতাটির ক্রয়মূল্য x টাকা

$\therefore$ খাতাটি 36 টাকায় বিক্রয় করলে ক্ষতি হয় (x − 36) টাকা

আবার, খাতাটি 72 টাকায় বিক্রয় করলে লাভ হয় (72 − x) টাকা

প্রশ্নমতে; $2(x - 36) = 72 - x$

বা, $2x - 72 = 72 - x$

বা, $2x + x = 72 + 72$

বা, $3x = 144$

বা, $x = \frac{144}{3} = 48$

$\therefore \quad$ খাতাটির ক্রয়মূল্য 48 টাকা।

প্রশ্ন ২৬ ▸ মুনাফার একই হারে 300 টাকার 4 বছরের সরল মুনাফা ও 400 টাকার 5 বছরের সরল মুনাফা একত্রে 128 টাকা হলে, শতকরা মুনাফার হার কত?

সমাধান : আমরা জানি, I = Pnr

P = 300 টাকা, n = 4 বছর এবং মুনাফার হার r% হলে,

$I_1 = \frac{300 \times 4r}{100}$ টাকা = 12r টাকা

আবার, P = 400 টাকা এবং n = 5 বছর হলে,

$I_2 = \frac{400 \times 5r}{100}$ টাকা = 20r টাকা

www.abswer.com

www.abswer.com

প্রশ্নানুসারে,

$12r + 20r = 128$

বা, $32r = 128$

বা, $r = \frac{128}{32} = 4$

নির্ণেয় মুনাফার হার 4% ।

প্রশ্ন ২৭ ▸ 4% হার মুনাফায় কোনো টাকার 2 বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 1 টাকা হলে, মূলধন কত?

সমাধান : দেওয়া আছে, $n = 2, r = \frac{4}{100}, P = ?, I = ?$

সরল মুনাফার ক্ষেত্রে,

আমরা জানি,

$$I = Pnr = P \times \frac{4}{100} \times 2 = \frac{2P}{25}$$

চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে,

দেওয়া আছে, $r = \frac{4}{100}$

$n = 2$

$C = ?$

আমরা জানি,

$$C = P(1 + r)^n = P\left(1 + \frac{4}{100}\right)^2 = P\left(1 + \frac{1}{25}\right)^2$$

$$C = P\left(\frac{25 + 1}{25}\right)^2 = P\left(\frac{26}{25}\right)^2 = \frac{676P}{625}$$

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা $= \frac{676P}{625} - P$

$$= \frac{676P - 625P}{625} = \frac{51P}{625}$$

প্রশ্নানুসারে,

$$\frac{51P}{625} - \frac{2P}{25} = 1$$

বা, $\frac{51P - 50P}{625} = 1$

$\therefore$ $P = 625$ [625 দ্বারা উভয়পক্ষকে গুণ করে]

$\therefore$ মূলধন 625 টাকা ।

প্রশ্ন ২৮ ▸ কোনো আসল 3 বছরে সরল মুনাফাসহ 460 টাকা এবং 5 বছরে সরল মুনাফাসহ 600 টাকা হলে, শতকরা মুনাফার হার কত?

সমাধান : আমরা জানি,

$A = P(1 + nr)$

$n = 3$ বছর হলে, $A = 460$ টাকা

$$\therefore \quad 460 = P\left(1 + 3 \times \frac{r}{100}\right) = \frac{P(100 + 3r)}{100} \quad \ldots\ldots\ldots\ldots (1)$$

আবার, $n = 5$ বছর হলে, $A = 600$ টাকা

$$\therefore \quad 600 = P\left(1 + 5 \times \frac{r}{100}\right) = \frac{P(100 + 5r)}{100} \quad \ldots\ldots\ldots\ldots (2)$$

সমীকরণ (2) কে (1) দ্বারা ভাগ করে পাই;

$$\frac{600}{460} = \frac{P(100 + 5r)}{100} \times \frac{100}{P(100 + 3r)}$$

বা, $\frac{30}{23} = \frac{100 + 5r}{100 + 3r}$

বা, $2300 + 115r = 3000 + 90r$

বা, $25r = 700$

$\therefore$ $r = 28$

নির্ণেয় মুনাফার হার 28%.

প্রশ্ন ২৯ ▸ শতকরা বার্ষিক 5 টাকা হার সরল মুনাফায় কত টাকা 13 বছরে সবৃদ্ধিমূল 990 টাকা হবে ?

সমাধান : আমরা জানি, $S = P(1 + nr)$

এখানে, P (টাকা) = মূলধন, n (বছর) = 13

$$\therefore \quad r = \frac{5}{100} \text{ টাকা}$$

দেওয়া আছে, S (টাকা) = 990

প্রশ্নমতে, $990 = P\left(1 + 13 \times \frac{5}{100}\right)$

বা, $990 = P(1 + 0.65)$

বা, $990 = P \times 1.65$

বা, $P = \frac{990}{1.65} = 600$ টাকা

নির্ণেয় মূলধন 600 টাকা ।

প্রশ্ন ৩০ ▸ শতকরা বার্ষিক 5 টাকা হার মুনাফায় কত টাকা 12 বছরে সবৃদ্ধিমূল 1280 টাকা হবে ?

সমাধান : আমরা জানি, $S = P(1 + nr)$

এখানে, P = মূলধন, n = 12 বছর

$$\therefore \quad r = \frac{5}{100} \text{ টাকা}$$

দেওয়া আছে, সবৃদ্ধিমূল, S = 1280 টাকা

প্রশ্নমতে, $1280 = P\left(1 + 12 \times \frac{5}{100}\right)$

বা, $1280 = P\left(1 + \frac{3}{5}\right)$

বা, $1280 = P\left(\frac{5 + 3}{5}\right)$

বা, $1280 = P \times \frac{8}{5}$

বা, $P = \frac{1280 \times 5}{8} = 800$ টাকা

নির্ণেয় মূলধন 800 টাকা ।

প্রশ্ন ৩১ ▸ 5% হার মুনাফায় 8000 টাকার 3 বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার প্রার্থক্য নির্ণয় কর ।

সমাধান : দেওয়া আছে, $P = 8000, r = \frac{5}{100}, n = 3$ বছর, $I = ?$

সরল মুনাফার ক্ষেত্রে,

আমরা জানি, $I = Pnr = 8000 \times \frac{5}{100} \times 3 = 1200$ টাকা

চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে,

দেওয়া আছে, $P = 8000$ $\quad r = \frac{5}{100}$

$n = 3$ $\quad C = ?$

আমরা জানি, $C = P(1 + r)^n$

$$= 8000\left(1 + \frac{5}{100}\right)^3$$

$$= 8000\left(1 + \frac{1}{20}\right)^3$$

$$= 8000 \times \frac{(20 + 1)^3}{(20)^3} = 8000 \times \frac{(21)^3}{8000} = 9261 \text{ টাকা}$$

চক্রবৃদ্ধি মুনাফা-আসল = 9261 টাকা

" মুনাফা = (9261 – 8000) টাকা

= 1261 টাকা

$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফা ও সরল মুনাফার পার্থক্য = (1261 – 1200) টাকা

= 61 টাকা

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩২ ▸ মিষ্টির উপর মূল্য সংযোজন কর (VAT) x%। একজন বিক্রেতা ভ্যাটসহ P টাকার মিষ্টি বিক্রয় করলে তাকে কত ভ্যাট দিতে হবে? x = 15, P = 2300 হলে, ভ্যাটের পরিমাণ কত?

সমাধান : আমরা জানি, $S = C(1 + r)$

$\therefore$ x% ভ্যাটসহ বিক্রয়মূল্য $C\left(1+\frac{x}{100}\right)=\frac{C(100+x)}{100}$

প্রশ্নমতে, $\frac{C(100+x)}{100}=P$

বা, $C(100+x)=100P$

$\therefore C=\frac{100P}{100+x}$

$\therefore$ ভ্যাটের পরিমাণ = P − C টাকা

$=P-\frac{100P}{100+x}$

$=\frac{100P+Px-100P}{100+x}=\frac{Px}{100+x}$

দেওয়া আছে, x = 15 এবং P = 2300.

সুতরাং ভ্যাটের পরিমাণ $=\frac{2300\times15}{100+15}$

$=\frac{2300\times15}{115}=300$ টাকা

সুতরাং ভ্যাট দিতে হবে $\frac{Px}{100+x}$ টাকা এবং ভ্যাটের পরিমাণ 300 টাকা।

পাঠ্যবইয়ের অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ৩৩ কোনো সংখ্যা ও ঐ সংখ্যার গুণাত্মক বিপরীত সংখ্যার সমষ্টি 3.

ক. সংখ্যাটিকে x চলকে প্রকাশ করে উপরের তথ্যকে একটি সমীকরণের মাধ্যমে প্রকাশ কর।

খ. $x^3-\frac{1}{x^3}$ এর মান নির্ণয় কর।

গ. প্রমাণ কর যে, $x^5+\frac{1}{x^5}=123$.

৩৩নং প্রশ্নের সমাধান

ক মনে করি, সংখ্যাটি x

$\therefore$ x এর গুণাত্মক বিপরীত সংখ্যা $\frac{1}{x}$

প্রশ্নমতে, $x+\frac{1}{x}=3$

নির্ণেয় সমীকরণ $x+\frac{1}{x}=3$

খ ক-হতে প্রাপ্ত, $x+\frac{1}{x}=3$

এখন, $\left(x-\frac{1}{x}\right)^2=\left(x+\frac{1}{x}\right)^2-4.x.\frac{1}{x}$

$=3^2-4.1=9-4=5$

$\therefore x-\frac{1}{x}=\sqrt{5}$

প্রদত্ত রাশি $=x^3-\frac{1}{x^3}$

$=\left(x-\frac{1}{x}\right)^3+3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)$

$=(\sqrt{5})^3+3.\sqrt{5}$

$=5\sqrt{5}+3\sqrt{5}=8\sqrt{5}$.

নির্ণেয় মান $8\sqrt{5}$.

গ ক-হতে প্রাপ্ত, $x+\frac{1}{x}=3$

এখন, $x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=3^3-3.3=27-9=18$

এবং $x^2+\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=3^2-2=9-2=7$

এখন, $\left(x^3+\frac{1}{x^3}\right)\left(x^2+\frac{1}{x^2}\right)=18\times7$

বা, $x^5+x+\frac{1}{x}+\frac{1}{x^5}=126$

বা, $x^5+\frac{1}{x^5}+x+\frac{1}{x}=126$

বা, $x^5+\frac{1}{x^5}+3=126$

বা, $x^5+\frac{1}{x^5}=126-3$

$\therefore x^5+\frac{1}{x^5}=123$. (প্রমাণিত)

প্রশ্ন ৩৪ কোনো সমিতির সদস্যগণ প্রত্যেকেই সদস্য সংখ্যার 100 গুণ চাঁদা দেওয়ার সিদ্ধান্ত নিলেন। কিন্তু 4 জন সদস্য চাঁদা না দেওয়ায় প্রত্যেকের চাঁদার পরিমাণ পূর্বের চেয়ে 500 টাকা বেড়ে গেল।

ক. সমিতির সদস্য সংখ্যা x এবং মোট চাঁদার পরিমাণ A হলে, এদের মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

খ. সমিতির সদস্য সংখ্যা ও মোট চাঁদার পরিমাণ নির্ণয় কর।

গ. মোট চাঁদার $\frac{1}{4}$ অংশ 5% হারে এবং অবশিষ্ট টাকা 4% হারে 2 বছরের জন্য সরল মুনাফায় বিনিয়োগ করা হলো। মোট মুনাফা নির্ণয় কর।

৩৪নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, সমিতির সদস্য সংখ্যা x

$\therefore$ জন প্রতি দেয়া চাঁদার পরিমাণ = 100x

সুতরাং মোট চাঁদার পরিমান, $A = x \times 100x$

$\therefore A = 100x^2$

এটাই নির্ণেয় সম্পর্ক।

খ চাঁদা দেয় এমন সদস্য সংখ্যা ছিল (x − 4) জন

এবং প্রত্যেকের চাঁদার পরিমাণ হলো (100x + 500) টাকা

সুতরাং মোট চাঁদা হলো (x − 4) (100x + 500) টাকা

প্রশ্নানুসারে, $100x^2 = (x-4)(100x+500)$

বা, $100x^2 = 100x^2 + 500x - 400x - 2000$

বা, $100x^2 - 100x^2 = 100x - 2000$

বা, $100x - 2000 = 0$

বা, $100x = 2000$

বা, $x=\frac{2000}{100}=20=20$

$\therefore$ সমিতির সদস্য সংখ্যা 20 জন।

মোট চাঁদার পরিমাণ, $A = 100 \times (20)^2$ টাকা = 40000 টাকা।

গ আমরা জানি, সরল মুনাফার ক্ষেত্রে, $I_1 = P_1\, n\, r_1$

এখানে, $P_1 = \left(40000 \text{ এর } \frac{1}{4}\right)$ টাকা = 10000 টাকা

$n = 2$ বছর

$r_1=\frac{5}{100}$

$\therefore I_1 = 10000 \times 2 \times \frac{5}{100} = 1000$ টাকা

www.abswer.com

www.abswer.com

অথবা, $I_2 = P_2 n r_2$

এখানে, $P_2 = (40000 - 10000)$ টাকা $= 30000$ টাকা

$n = 2$ বছর

$r_2 = \frac{4}{100}$

$\therefore \quad I_2 = 30000 \times 2 \times \frac{4}{100} = 2400$ টাকা

$\therefore$ মোট মুনাফা, $I = I_1 + I_2 = 1000 + 2400 = 3400$

$\therefore$ মোট মুনাফা 3400 টাকা।

প্রশ্ন ৩৫ বনভোজনে যাওয়ার জন্য একটি বাস 2400 টাকায় ভাড়া করা হলো এবং শর্ত হলো প্রত্যেক যাত্রী সমান ভাড়া বহন করবে। 10 জন যাত্রী না আসায় মাথাপিছু ভাড়া 8 (আট) টাকা বৃদ্ধি পেল।

ক. মাথাপিছু বর্ধিত ভাড়ার পরিমাণ, না আসা যাত্রী সংখ্যার শতকরা কত তা নির্ণয় কর।

খ. বাসে যাওয়া যাত্রীর মাথাপিছু ভাড়া নির্ণয় কর।

গ. বাসা ভাড়ার সমপরিমাণ টাকার 5% হার মুনাফায় 13 বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য নির্ণয় কর।

৩৫নং প্রশ্নের সমাধান

ক মাথাপিছু বর্ধিত ভাড়ার পরিমাণ, না আসা যাত্রী সংখ্যার

$\frac{8 \times 100}{10} \times \frac{1}{100} = 80\%$

$\therefore$ মাথাপিছু বর্ধিত ভাড়ার পরিমাণ, না আসা যাত্রী সংখ্যার 80%।

খ মনে করি,

আগ্রহী যাত্রীসংখ্যা x জন

এবং মাথাপিছু বাস ভাড়া q টাকা

$\therefore$ মোট ভাড়া $= qx$ টাকা

প্রকৃতপক্ষে বাসে যাত্রী যায় $= (x - 10)$ জন

এবং মাথাপিছু বাস ভাড়া $= (q + 8)$ টাকা

$\therefore$ মোট ভাড়া $= (q + 8)(x - 10)$ টাকা

শর্তমতে, $qx = (q + 8)(x - 10)$ ..... (1)

এবং $qx = 2400$ ..... (2)

(1)নং সমীকরণ হতে পাই,

$qx = qx - 10q + 8x - 80$

বা, $qx + 8x - qx = 10q + 80$

বা, $8x = 10(q + 8)$

বা, $x = \frac{10(q + 8)}{8}$

বা, $x = \frac{5(q + 8)}{4}$

(2)নং সমীকরণে $x = \frac{5(q + 8)}{4}$ বসিয়ে পাই,

$q \cdot \frac{5(q + 8)}{4} = 2400$

বা, $q^2 + 8q = \frac{2400 \times 4}{5}$

বা, $q^2 + 8q = 1920$

বা, $q^2 + 8q - 1920 = 0$

বা, $q^2 - 40q + 48q - 1920 = 0$

বা, $q(q - 40) + 48(q - 40) = 0$

বা, $(q - 40)(q + 48) = 0$

হয়, $q - 40 = 0$ | অথবা, $q + 48 = 0$

বা, $q = 40$ | বা, $q = -48$; যা গ্রহণযোগ্য নয়

$\therefore$ বাসে যাওয়া যাত্রীর মাথাপিছু ভাড়া $= (40 + 8)$ টাকা $= 48$ টাকা

$\therefore$ বাসে যাওয়া যাত্রীর মাথাপিছু ভাড়া 48 টাকা।

গ এখানে, মূলধন, $P = 2400$ টাকা

সময়, $n = 13$ বছর

মুনাফার হার, $r = 5\% = \frac{5}{100}$ টাকা

সরল মুনাফা, $I = Pnr = 2400 \times 13 \times \frac{5}{100}$ টাকা $= 1560$ টাকা

চক্রবৃদ্ধি মূলধন, $C = P(1 + r)^n$

$= 2400 \times \left(1 + \frac{5}{100}\right)^{13}$ টাকা

$= 2400 \times \left(\frac{100 + 5}{100}\right)^{13}$ টাকা

$= 2400 \times \left(\frac{105}{100}\right)^{13}$ টাকা

$= 4525.56$ টাকা (প্রায়)

চক্রবৃদ্ধি মুনাফা $= C - P$

$= (4525.56 - 2400)$ টাকা

$= 2125.56$ টাকা

$\therefore$ সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য

$= (2125.56 - 1560)$ টাকা

$= 565.56$ টাকা (প্রায়)

$\therefore$ সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 565.56 টাকা (প্রায়)।


পাঠ্যবইয়ের অনুশীলনীর গাণিতিক প্রশ্নের সমাধান

প্রশ্ন ৩৬ ▸ দাঁড় বেয়ে একটি খালের A বিন্দু থেকে B বিন্দুতে যেয়ে ফিরে আসতে হবে। দাঁড়ের বেগ ধ্রুব হলে স্রোত থাকলে সময় বেশি লাগবে না স্রোত না থাকলে সময় বেশি লাগবে?

সমাধান : ধরি, দাঁড়ের বেগ $= u$

স্রোতের বেগ $= v$

AB দূরত্ব $= d$



স্রোত না থাকলে সময় $= t_1$

এবং স্রোত থাকলে সময় $= t_2$

স্রোত না থাকলে দূরত্ব = বেগ × সময়

বা, $2d = u \times t_1$


$\therefore \quad t_1 = \frac{2d}{u}$

স্রোত থাকলে, ΔACE হতে পাই,

$u^2 = v^2 + w^2$

বা, $w^2 = u^2 - v^2$

বা, $w = \sqrt{u^2 - v^2}$



দূরত্ব = বেগ × সময়

বা, $2d = w \times t_2$

বা, $2d = \sqrt{u^2 - v^2} \cdot t_2$

$\therefore \quad t_2 = \frac{2d}{\sqrt{u^2 - v^2}}$

এখন, $\frac{t_1}{t_2} = \frac{\frac{2d}{u}}{\frac{2d}{\sqrt{u^2 - v^2}}}$

বা, $\frac{t_1}{t_2} = \frac{2d}{u} \times \frac{\sqrt{u^2 - v^2}}{2d}$

বা, $\frac{t_1}{t_2} = \frac{\sqrt{u^2 - v^2}}{u} < 1$

$\therefore \quad t_1 < t_2$

অতএব, স্রোত থাকলে সময় বেশি লাগবে।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৩৭ ▸ একটি মাঠে ধ্রুব হারে ঘাস বৃদ্ধি পায়। 17 টি গরু 30 দিনে সব ঘাস খেয়ে ফেলতে পারে। তবে 19টি গরুর লাগে 24 দিন। একদল গরু 6 দিন ঘাস খাওয়ার পর 4টি গরু বিক্রয় করা হলে ঘাস খাওয়া শেষ করতে আরও 2 দিন লাগলো। দলটিতে শুরুতে কতগুলো গরু ছিল?

সমাধান : ধরি, প্রারম্ভিক ঘাসের পরিমাণ A
প্রতিদিন প্রতিটি গরু ঘাস খায় x অংশ
প্রতিদিন ঘাস বৃদ্ধির হার a
দলটিতে শুরুর গরু সংখ্যা y

∴ প্রথম শর্তানুসারে,

$17 \times 30 \times x = A + 30a$

বা, $510x = A + 30a$ ..... (1)

দ্বিতীয় শর্তানুসারে,

$19 \times 24 \times x = A + 24a$

বা, $456x = A + 24a$ ..... (2)

(1)নং হতে (2)নং বিয়োগ করে পাই,

$510x - 456x = A + 30a - A - 24a$

বা, $54x = 6a$

বা, $a = \frac{54x}{6}$

∴ $a = 9x$

a এর মান (1)নং এ বসিয়ে পাই,

$510x = A + 30 \times 9x$

বা, $510x = A + 270x$

বা, $A = 510x - 270x$

∴ $A = 240x$

তৃতীয় শর্তানুসারে,

$6xy + (y - 4)x \times 2 = A + (6 + 2) \times a$

বা, $x(6y + 2y - 8) = 240x + 8 \times 9x$ [∵ $A = 240x$ এবং $a = 9x$]

বা, $x(8y - 8) = 240x + 72x$

বা, $x(8y - 8) = 312x$

বা, $8y - 8 = 312$

বা, $8y = 312 + 8$


বা, $y = \frac{320}{8}$

∴ $y = 40$

অতএব, দলটিতে শুরুতে 40টি গরু ছিল।

প্রশ্ন ৩৮ ▸ দুই ভাইয়ের একটি প্রশিক্ষিত ঘোড়া ছিল যা যেকোনো নির্দেশই পালন করতে পারে। দুই ভাই একই সময়ে বাসা থেকে রওয়ানা হয়ে 20 মাইল দূরে একটি বৈশাখী মেলায় যেতে চায়। ঘোড়া যেকোনো মুহূর্তে মাত্র একজন ভাইকে বহন করতে পারে। ভাইদের বেগ ঘণ্টায় 4 মাইল এবং ঘোড়ার বেগ ঘণ্টায় (মানুষসহ কিংবা ছাড়া) 10 মাইল হলে সর্বনিম্ন কত সময়ে তারা মেলায় পৌঁছতে পারবে? প্রত্যেক ভাই কতটা পথ হাঁটবে?

সমাধান :



ধরি, দুই ভাইয়ের যাত্রা বিন্দু A এবং গন্তব্য বিন্দু B। ঘোড়া ১ম ভাইকে A থেকে D-তে রাখে t_1 সময়ে। এই সময়ে ২য় ভাই A থেকে C তে পৌঁছে। ঘোড়া D থেকে E তে ফিরে আসতে আসতে ২য় ভাই C থেকে E তে পৌঁছে এবং সময় লাগে $= t_2$। এবার ঘোড়া E থেকে B তে পৌঁছাতে সময় নেয় $= t_3$। ১ম ভাই যতক্ষণে D থেকে B তে যাবে তার সময় $= t_2 + t_3$ (ঘোড়ার DE ও EB দূরত্ব অতিক্রমনের সময়)।

বর্ণনা অনুসারে, $AD = 10t_1$, $AC = 4t_1$
$CE = 4t_2$, $DE = 10t_2$
$EB = 10\,t_3$, $DB = 4(t_2 + t_3)$

এখন, $AD + DB = 20$

বা, $10t_1 + 4t_2 + 4t_3 = 20$ ..... (1)

$AC + CE + EB = 20$

বা, $4t_1 + 4t_2 + 10t_3 = 20$ ..... (2)

$AC + CE + ED + DB = 20$

বা, $4t_1 + 4t_2 + 10t_2 + 4(t_2 + t_3) = 20$

বা, $4t_1 + 18t_2 + 4t_3 = 20$ ..... (3)

সমীকরণ (1) হতে সমীকরণ (2) বিয়োগ করে পাই,

$6t_1 - 6t_3 = 0$

বা, $6t_1 = 6t_3$

বা, $t_1 = t_3$ ..... (4)

সমীকরণ (i) নং এ $t_3 = t_1$ বসিয়ে পাই, $10t_1 + 4t_2 + 4t_1 = 20$

বা, $14t_1 + 4t_2 = 20$

বা, $7t_1 + 2t_2 = 10$ ..... (5)

সমীকরণ (3) নং এ $t_3 = t_1$ বসিয়ে পাই, $4t_1 + 18t_2 + 4t_1 = 20$

বা, $8t_1 + 18t_2 = 20$

বা, $4t_1 + 9t_2 = 10$ ..... (6)

(5) নং কে 4 এবং (6) নং কে 7 দ্বারা গুণ করে পাই,

$28t_1 + 8t_2 = 40$ ..... (7)

$28t_1 + 63t_2 = 70$ ..... (8)

(8) নং হতে (7) নং বিয়োগ করে পাই,

$55t_2 = 30$

বা, $t_2 = \frac{30}{55}$

∴ $t_2 = \frac{6}{11}$ ঘণ্টা

সমীকরণ (5)-এ t_2-এর মান বসিয়ে পাই,

$$7t_1 = 10 - \frac{2 \times 6}{11} = \frac{110 - 12}{11} = \frac{98}{11}$$

∴ $t_1 = \frac{14}{11}$ ঘণ্টা

সমীকরণ (4) হতে পাই, $t_3 = \frac{14}{11}$ ঘণ্টা

নির্ণেয় সর্বনিম্ন সময় $= t_1 + t_2 + t_3$

$$= \left(\frac{14}{11} + \frac{6}{11} + \frac{14}{11}\right) = \frac{34}{11} = 3\frac{1}{11} \text{ ঘণ্টা}$$

১ম ভাই হাঁটবে $= DB$
$= 4(t_2 + t_3)$ মাইল
$= 4\left(\frac{6}{11} + \frac{14}{11}\right)$ মাইল
$= 4 \times \frac{20}{11}$ মাইল $= \frac{80}{11}$ মাইল $= 7\frac{3}{11}$ মাইল

২য় ভাই হাঁটবে $= AC + CE$
$= (4t_1 + 4t_2)$ মাইল
$= \left(4 \times \frac{14}{11} + 4 \times \frac{6}{11}\right)$ মাইল
$= \frac{56}{11} + \frac{24}{11} = \frac{56 + 24}{11} = \frac{80}{11} = 7\frac{3}{11}$ মাইল

অতএব, সর্বনিম্ন $3\frac{1}{11}$ ঘণ্টা সময়ে তারা মেলায় পৌঁছতে পারবে। ১ম ভাই $7\frac{3}{11}$ মাইল ও ২য় ভাই $7\frac{3}{11}$ মাইল হাঁটবে।

BCS PSC ক্লিনিক

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ MCQ SECTION

প্রিয় শিক্ষার্থী, বহুনির্বাচনি অংশে তোমাদের সেরা প্রস্তুতির জন্য এসএসসি পরীক্ষার প্রশ্নোত্তরের পাশাপাশি সেরা স্কুলের টেস্ট পরীক্ষার প্রশ্নোত্তর এবং মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্নোত্তর সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে প্রশ্নের নিচে সঠিক উত্তরের সপক্ষে যুক্তি (তথ্য/ব্যাখ্যা) দেওয়া হয়েছে।

সকল বোর্ডের এসএসসি পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — সঠিক উত্তরের সপক্ষে যুক্তি সংবলিত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. বার্ষিক শতকরা 5 টাকা হারে 500 টাকার 3 বছরের সরল মুনাফা কত? [ঢা. বো. '২০]

ক 15 টাকা খ 45 টাকা
গ 60 টাকা ঘ 75 টাকা

▶▶ তথ্য/ব্যাখ্যা : সরল মুনাফা, $I = Prn = 500 \times \frac{5}{100} \times 3 = 75$ টাকা।

২. একটি নৌকা দাঁড় বেয়ে স্রোতের অনুকূলে ঘণ্টায় 15 কি.মি. এবং স্রোতের প্রতিকূলে 5 ঘণ্টায় 25 কি.মি. যায়। স্রোতের বেগ ঘণ্টায় কত কি.মি.? [রা. বো. '২০]

ক 20 খ 10
গ 5 ঘ 4

▶▶ তথ্য/ব্যাখ্যা : ধরি, স্রোতের বেগ = x কি. মি./ঘণ্টা
স্রোতের অনুকূলে, নৌকার বেগ + x = 15 কি. মি.
স্রোতের প্রতিকূলে, নৌকার বেগ − x = $\frac{25}{5}$ "

বিয়োগ করে, $2x = 15 - 5$
বা, $2x = 10$
$\therefore x = 5$ কি. মি.
∴ স্রোতের বেগ ঘণ্টায় 5 কি. মি.।

৩. শতকরা বার্ষিক 7 টাকা সরল মুনাফায় কোনো মূলধন 2 বছরে সবৃদ্ধি মূল 912 টাকা হলে মূলধন কত? [য. বো. '১৯]

ক 894.11 টাকা খ 852.33 টাকা
গ 796.57 টাকা ঘ 800.00 টাকা

▶▶ তথ্য/ব্যাখ্যা : ধরি, মূলধন = p টাকা
∴ স্ববৃদ্ধিমূল, $A = p(1 + m)$
$\therefore 912 = p\left(1 + \frac{7}{100} \times 2\right)$
বা, $912 = p(1 + 0.14)$
বা, $p \times 1.14 = 912$ বা, $p = \frac{912}{1.14}$
$\therefore p = 800.00$ টাকা।

এখানে, $A = 912$
$r = 7\% = \frac{7}{100}$
$n = 2$ বছর

৪. 'A' একটি কাজ x দিনে করতে পারে। 'B' ঐ কাজ y দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে? [ব. বো. '১৯]

ক xy দিনে খ $(x - y)$ দিনে গ $\frac{x+y}{xy}$ দিনে ঘ $\frac{xy}{x+y}$ দিনে

৫. 10% হার মুনাফায় 3000 টাকার 3 বছরের সরল মুনাফা কত টাকা? [য. বো. '১৭]

ক 90 খ 300 গ 900 ঘ 9000

▶▶ তথ্য/ব্যাখ্যা : $I = Prn = 3000 \times 3 \times \frac{10}{100} = 900$ টাকা।

৬. 3% হার মুনাফায় 10,000 টাকা 3 বছরের জন্য বিনিয়োগ করা হলে চক্রবৃদ্ধি মুনাফা কত টাকা? [কু. বো. '১৭]

ক 92.727 খ 927.27 গ 9272.7 ঘ 10,927.27

▶▶ তথ্য/ব্যাখ্যা : চক্রবৃদিধ মুনাফা = C − P = $P(1 + r)^n - P$
$= 10000\left(1 + \frac{3}{100}\right)^3 - 10,000 = 927.27$ টাকা।

৭. শতকরা বার্ষিক 7 টাকা হার মুনাফায় 650 টাকার 6 বছরের মুনাফা কত টাকা? [কু. বো. '১৬]

ক 273.00 খ 237.00
গ 27.30 ঘ 23.70

▶▶ তথ্য ব্যাখ্যা : এখানে, P = 650 টাকা, r = 7%, n = 6 বছর
আমরা জানি, সরল মুনাফা $I = Prn = 650 \times \frac{7}{100} \times 6$ টাকা = 273 টাকা

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

৮. লাভ-ক্ষতির ক্ষেত্রে– [চ. বো. '১৫]

i. ক্রয় মূল্য − বিক্রয় মূল্য = ক্ষতি
ii. বিক্রয় মূল্য − ক্রয় মূল্য = লাভ
iii. লাভ বা ক্ষতি ক্রয়মূল্যের উপর নির্ভর করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

▶▶ তথ্য/ব্যাখ্যা : লাভ-ক্ষতির ক্ষেত্রে
ক্রয়মূল্য−বিক্রয়মূল্য = ক্ষতি; বিক্রয়মূল্য−ক্রয়মূল্য = লাভ
এবং লাভ বা ক্ষতি ক্রয়মূল্যের উপর নির্ভর করে।
অর্থাৎ (i), (ii) ও (iii) সঠিক।

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

নিচের তথ্যের আলোকে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :
বার্ষিক শতকরা 5 টাকা হারে 500 টাকার 3 বছরের– [রা. বো. '১৫]

৯. সরল মুনাফা কত হবে?

ক 25 টাকা খ 50 টাকা
গ 75 টাকা ঘ 100 টাকা

▶▶ তথ্য/ব্যাখ্যা : এখানে, মূলধন, P = 500 টাকা,
সময়, n = 3 বছর
মুনাফার হার, $r = 5\% = \frac{5}{100}$
$\therefore$ সরল মুনাফা, $I = Pnr = 500 \times 3 \times \frac{5}{100} = 75$
∴ সরল মুনাফা হবে 75 টাকা।

১০. চক্রবৃদ্ধি মুনাফা কত হবে?

ক 41.81 টাকা খ 51.25 টাকা
গ 78.81 টাকা ঘ 78.95 টাকা

▶▶ তথ্য/ব্যাখ্যা : চক্রবৃদ্ধি মূল $C = P(1 + r)^n$
$= 500\left(1 + \frac{5}{100}\right)^3 = 500\left(\frac{105}{100}\right)^3$
$= 500 \times \frac{105}{100} \times \frac{105}{100} \times \frac{105}{100} = 578.81$
∴ চক্রবৃদ্ধি মুনাফা = C − P = (578.81 − 500) টাকা
= 78.81 টাকা
∴ চক্রবৃদ্ধি মুনাফা 78.81 টাকা।

উত্তরের শুদ্ধতা/নির্ভুলতা যাচাই করো

১	ঘ	২	গ	৩	ঘ	৪	ঘ	৫	গ	৬	খ	৭	ক	৮	ঘ	৯	গ	১০	গ

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — বিষয়বস্তুর ধারায় প্রণীত

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১১. 10% হার মুনাফায় 3000 টাকার তিন বছরের সরল মুনাফা কত?
[আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

ক 90 খ 300
গ 900 ঘ 9000

▸▸ তথ্য/ব্যাখ্যা : সরল মুনাফা, $I = Pnr = 3000 \times 3 \times 10\%$
$= 3000 \times 3 \times \frac{10}{100} = 900$ টাকা।

১২. 10% হার সরল মুনাফায় 3000 টাকার 3 বছরের সরল মুনাফা কত টাকা?
[মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]

ক 90 খ 300
গ 900 ঘ 9000

▸▸ তথ্য/ব্যাখ্যা :
মুনাফা $I = Pnr$
$= 3000 \times 3 \times \frac{10}{100} = 900$ টাকা
$P = 3000$ টাকা, $n = 3$ বছর, $r = 10\%$

১৩. A একটি কাজ P দিনে এবং B ঐ কাজটি 4P দিনে করতে পারে। একই সময়ে A, B এর কতগুণ কাজ করতে পারে?
[নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]

ক $\frac{1}{4}$ খ 7
গ 3 ঘ 4

